আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
তারপর যদি তারা স্বীকার না করে, তাহলে বলে দাও যে, ‘সাক্ষী থাক আমরা তো অনুগত।
সূরা আল ইমরান ৬৪

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ১৪ আগস্ট ২০২৬ ॥ ৩০ সফর ১৪৪৮ ॥ ৩১ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৭১ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
অ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত সোপান

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

‘দেশে গণিতচর্চা বাড়াতে যে কোনো ধরনের সহযোগিতা দেওয়া হবে’

কীর্তনখোলা ডেস্ক

দেশে গণিতচর্চা ও গণিত অলিম্পিয়াডের কার্যক্রম আরও বাড়াতে যে কোনো ধরনের সহযোগিতা দেওয়া হবে ২ এর পাতায় দেখুন

আসন্ন রাষ্ট্রপতি নির্বাচন ‘নিয়ম রক্ষার নির্বাচন’ নয়: চিফ হুইপ

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ মো. নূরুল ইসলাম বলেছেন, গণতন্ত্রের সৌন্দর্য হলো প্রতিদ্বন্দ্বিতা। আসন্ন রাষ্ট্রপতি ২ এর পাতায় দেখুন

‘সরকারের ‘দুর্নীতি ও দলীয়করণের’ কারণে বিদ্যুৎ ও গ্যাস সংকট চরমে’

কীর্তনখোলা ডেস্ক

দেশে ব্যাপকহারে গ্যাস ও বিদ্যুৎ ঘাটতিতে নাগরিকদের চরম দুর্ভোগ সৃষ্টি হওয়ায় গভীর উদ্বেগ জানিয়েছে বাংলাদেশ ২ এর পাতায় দেখুন

মাঠপর্যায়ের কাজ গতিশীল করতে ঊর্ধ্বতন কর্মকর্তাদের আইজিপির নির্দেশ

কীর্তনখোলা ডেস্ক

মাঠপর্যায়ের কাজ গতিশীল করতে পুলিশের মাঠ পর্যায়ের ঊর্ধ্বতন কর্মকর্তাদের সরাসরি মনিটরিং বাড়ানোর ২ এর পাতায় দেখুন

বরিশাল বিভাগের সর্বোচ্চ ডেঙ্গুরোগী পিরোজপুরে

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে কমছেই না ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা। গত আট মাসে জেলার বিভিন্ন হাসপাতালে ১,২৮৫ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন, যা বরিশাল বিভাগের মধ্যে সর্বোচ্চ। ডেঙ্গু আক্রান্তের দ্বিতীয় অবস্থানে আছে পিরোজপুরের পাশের জেলা ঝালকাঠি। পিরোজপুরে ডেঙ্গুতে এখন পর্যন্ত একজনের মৃত্যু হয়েছে। এর মধ্যে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১,২১৭ জন। বর্তমানে জেলার বিভিন্ন হাসপাতালে ৬৭ জন রোগী চিকিৎসাধীন রয়েছেন। জেলা স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় নতুন করে ২০ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। বর্তমানে পিরোজপুর সদর হাসপাতালে ২৩ জন, নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ৬ জন, নেছারাবাদে ১৪ জন, কাউখালীতে ৮ জন, ভান্ডারিয়ায় ১১ জন এবং মঠবাড়িয়ায় ৫ জন ডেঙ্গু রোগী চিকিৎসা নিচ্ছেন। ইন্দুরকানি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বর্তমানে কোনো ডেঙ্গু রোগী ভর্তি নেই। গত আট মাসের হাসপাতালভিত্তিক পরিসংখ্যানে সবচেয়ে বেশি ৫৯৭ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন পিরোজপুর সদর হাসপাতালে। এ ছাড়াও নাজিরপুরে ৭৮, নেছারাবাদে ২১৬, কাউখালীতে ৯৬, ভান্ডারিয়ায় ২৪২ এবং মঠবাড়িয়ায় ৫৬ জন রোগী ভর্তি হয়েছেন। এদিকে ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়ার সঙ্গে সঙ্গে পিরোজপুর সদর হাসপাতালে চিকিৎসা নিতে আসা সাধারণ রোগী ও তাদের স্বজনদের মধ্যেও উদ্বেগ দেখা দিয়েছে। হাসপাতালের সীমিত জায়গার কারণে ডেঙ্গু ও সাধারণ রোগীদের কাছাকাছি অবস্থান করতে হচ্ছে বলে অভিযোগ করেছেন রোগী ও স্বজনরা। তারা ডেঙ্গু রোগীদের জন্য পৃথক ওয়ার্ড বা কক্ষের দাবি জানিয়েছেন। ডেঙ্গু আক্রান্ত হওয়া এক রোগীর বাবা মো. মারুফ হাওলাদার বলেন, আমার মেয়েকে গত রোববার নিয়ে আসছি পিরোজপুর সদর হাসপাতালে, এখানে পরীক্ষার মাধ্যমে জানতে পারছি ডেঙ্গু হইছে। চিকিৎসা সেবা আলহামদুলিল্লাহ ভালোই পাইছি। বর্তমানে রোগই সুস্থ আছে। তবে হাসপাতালে রোগী অনেক বেশি। ডেঙ্গু রোগীদের জন্য আলাদা রুমের ব্যবস্থা করলে ভালো হতো। পেটে ব্যথা নিয়ে হাসপাতালে ভর্তি হওয়া রুমনা বেগম বলেন, ডেঙ্গু রোগীদের যে মশা কামড় দিয়েছে, সেটা যদি আমাকে কামড়ায় তাহলে আমিও ডেঙ্গু রোগে আক্রান্ত হতে ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতি নির্বাচন

৩ মনোনয়নপত্র জমা প্রার্থী মির্জা ফখরুল ও অলি আহমদ

কীর্তনখোলা ডেস্ক

বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে মোট তিনটি মনোনয়নপত্র জমা পড়েছে। বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) ও সমমনাদের প্রার্থী হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের পক্ষে একটি এবং ১১ দলীয় জোটের প্রার্থী কর্নেল (অব.) অলি আহমদের পক্ষে দু’টি মনোনয়নপত্র দাখিল করা হয়েছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বিকেল ৪টায় মনোনয়নপত্র দাখিলের সময়সীমা শেষ হওয়ার পর রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে সাংবাদিকদের এসব তথ্য জানান নির্বাচন কমিশন (ইসি) সচিব আখতার আহমেদ। ইসি সচিব বলেন, নির্ধারিত সময়ের মধ্যে মোট তিনটি মনোনয়নপত্র কমিশন গ্রহণ করেছে। এর মধ্যে ১১ দলীয় জোটের প্রার্থী অলি আহমদের দু’টি এবং বিএনপি প্রার্থী মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ২ এর পাতায় দেখুন

সড়কে পাইপ বসিয়ে বালু উত্তোলন
পাইপ ভেঙে মামলার নির্দেশ বিসিসি প্রশাসক শিরীনের

কীর্তনখোলা রিপোর্ট

নগরীর ২৯ নম্বর ওয়ার্ডের নবনির্মিত আবেদ আলী শাহ সড়কের ভেতর দিয়ে ড্রেজারের পাইপ স্থাপন করে অবৈধভাবে বালু উত্তোলনের অভিযোগে কঠোর অবস্থান নিয়েছে বরিশাল সিটি কর্পোরেশন (বিসিসি)। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বিকেল সাড়ে ৪টায় স্থানীয় বাসিন্দাদের অভিযোগের প্রেক্ষিতে সড়কটি পরিদর্শনে যান বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন। পরিদর্শনকালে তিনি দেখতে পান, সদ্য নির্মিত সড়কের ভেতর দিয়ে ড্রেজারের পাইপ প্রবেশ করিয়ে অবৈধভাবে বালু উত্তোলন করা হচ্ছে, যা সড়কের স্থায়িত্ব ও জননিরাপত্তার জন্য মারাত্মক হুমকি সৃষ্টি করছে। এ সময় প্রশাসক ঘটনাস্থলেই ক্ষোভ প্রকাশ করে অবৈধভাবে স্থাপন করা ড্রেজারের পাইপ অপসারণ ও ভেঙে ফেলার নির্দেশ দেন। একই ২ এর পাতায় দেখুন

বরিশাল আদালতের ফটকে বিস্ফোরণের ঘটনায় মামলা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের প্রধান ফটকে বিস্ফোরণ ঘটনায় মামলা দায়ের করা হয়েছে। বুধবার রাতে পিএসআই মো. কামরুল হায়দার রুবাইয়াত বাদী হয়ে বিস্ফোরক দ্রব্য আইনে অজ্ঞাত আসামি করে কোতয়ালী মডেল থানায় মামলাটি দায়ের করেন। বৃহস্পতিবার সকালে বিষয়টি নিশ্চিত করেছেন বরিশাল কোতয়ালী মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ আল মামুন-উল ইসলাম। ওসি জানান, বুধবার বরিশাল জেলা ও দায়রা জজ আদালতে বিস্ফোরণের ঘটনায় রাতে একটি মামলা দায়ের করা হয়েছে। কারা এই ঘটনার সাথে জড়িত সে বিষয়ে তদন্ত চলছে। দোষীদের শনাক্ত হরে গ্রেপ্তারের চেষ্টা চলছে। ওসি আরও জানান, বিস্ফোরকটি কি ধরনের ছিল তা ফরেনসিক পরীক্ষার পর নিশ্চিত হওয়া যাবে। এর আগে বুধবার সকাল ২ এর পাতায় দেখুন

বরগুনায় ১৭ লাখ টাকার নিষিদ্ধ শাপলা পাতা-গিটার মাছ জব্দ

বরগুনা প্রতিনিধি

বরগুনার পাথরঘাটায় অভিযান চালিয়ে ৬৯০ কেজি নিষিদ্ধ শাপলা পাতা ও গিটার মাছ জব্দ করেছে কোস্টগার্ড। জব্দ করা এসব মাছের আনুমানিক বাজারমূল্য ১৭ লাখ ২৫ হাজার টাকা। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সকাল ৮টার দিকে পাথরঘাটা মৎস্য অবতরণ কেন্দ্রের বিএফডিসি ঘাট এলাকার বিভিন্ন মাছের আড়তে অভিযান চালিয়ে এসব মাছ জব্দ করা হয়। দুপুরে প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে বিষয়টি নিশ্চিত করেন কোস্টগার্ড পাথরঘাটা দক্ষিণ জোনের মিডিয়া কর্মকর্তা লেফটেন্যান্ট মো. সালমান বিন শওকত। বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে বিএফডিসি ঘাট এলাকায় অভিযান পরিচালনা করা হয়। এ সময় ২ এর পাতায় দেখুন

প্রবীণ জামায়াত কর্মী বজলুল হকের নামাজে জানাযায় উপস্থিত বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল অ্যাডভোকেট মুয়াযযম হোসাইন হেলাল -কীর্তনখোলা

বরিশালে নদ-নদীর পানি বিপৎসীমার ওপরে, নিম্নাঞ্চল প্লাবিত

কীর্তনখোলা রিপোর্ট

সাগরে সৃষ্ট লঘুচাপ ও অমাবস্যার প্রভাবে দক্ষিণাঞ্চলে মেঘনাসহ কয়েকটি নদীর পানি বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। ফলে নদী তীরবর্তী চর ও নিম্নাঞ্চল প্লাবিত হয়েছে। বরিশাল পানি উন্নয়ন বোর্ডের উপসহকারী প্রকৌশলী তাইজুল ইসলাম জানান, তারা দক্ষিণাঞ্চলের নদ-নদীগুলোর ২০টি পয়েন্টে পানির উচ্চতা ২ এর পাতায় দেখুন

চুরি করতে প্রবাসীর বাড়িতে ঢুকে ৩ জনকে কোপালো নিষিদ্ধ ছাত্রলীগের কর্মী

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে এক প্রবাসীর বাড়িতে ঢুকে তার স্ত্রী, শিশুসন্তান ও এক প্রতিবেশীকে কুপিয়ে আহত করার অভিযোগ উঠেছে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের এক কর্মীর বিরুদ্ধে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সকাল ১০টার দিকে স্বরূপকাঠি পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডে এ ঘটনা ঘটে। আহতদের উদ্ধার করে নেছারাবাদ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এ ঘটনায় অভিযুক্ত ছাত্রলীগ কর্মী নাঈমকে (২৫) আটক করে পুলিশে সোপর্দ ২ এর পাতায় দেখুন

৬ষ্ঠ শ্রেণির ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মামলা

মনপুরা প্রতিনিধি

ভোলার মনপুরায় মাদরাসা পড়ুয়া ৬ষ্ঠ শ্রেণির ছাত্রীকে ধর্ষণের অভিযোগ উঠেছে মোঃ সুমন (২৭) নামে যুবকের বিরুদ্ধে। এ ঘটনায় ভুক্তভোগী ছাত্রীর মা বাদী হয়ে ওই যুবকের বিরুদ্ধে থানায় মামলা করেন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সন্ধ্যা ৬টায় মামলাটি দায়ের করা হয়। মামলা ও ঘটনার সত্যতা নিশ্চিত করেন মনপুরা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাজাহারুল ইসলাম। এর আগে, বৃহস্পতিবার (৬ আগস্ট) রাতে উপজেলার ১ নম্বর মনপুরা ইউনিয়নের ঈশ্বরগঞ্জ এলাকার ৬ নম্বর ওয়ার্ডে ধর্ষকের বাড়ির রান্নাঘরে ২ এর পাতায় দেখুন

বরযাত্রীর সাজে শিক্ষকের রাজকীয় বিদায়, অশ্রুসিক্ত শিক্ষার্থীরা

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশন পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের ১৯ নম্বর উত্তর মাদ্রাজ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. রেজাউল করিম কবিরকে ব্যতিক্রমী ও আবেগঘন আয়োজনের মাধ্যমে বিদায় জানিয়েছেন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক ও প্রাক্তন শিক্ষার্থীরা। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বিদ্যালয় প্রাঙ্গণে এ বিদায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের ২ এর পাতায় দেখুন

উত্তর বঙ্গোপসাগরে সুস্পষ্ট লঘুচাপ, বৃষ্টি বাড়ার আভাস

কীর্তনখোলা ডেস্ক

দেশের উপকূলীয় এলাকায় সুস্পষ্ট লঘুচাপ ও সক্রিয় মৌসুমি বায়ুর প্রভাবে আগামী পাঁচ দিন সারাদেশে বৃষ্টিপাতের প্রবণতা অব্যাহত থাকবে। সেইসঙ্গে পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূল এবং তৎসংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে অবস্থানরত সুস্পষ্ট লঘুচাপটি আরও ঘনীভূত হতে পারে। এর ফলে খুলনা, বরিশাল, চট্টগ্রাম, সিলেটসহ দেশের অধিকাংশ বিভাগে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টির পাশাপাশি কোথাও কোথাও ভারী বর্ষণের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। বৃহস্পতিবার (১৩ আগস্ট) বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের ২ এর পাতায় দেখুন

চোখের যত্ন নিন, চোখ আপনার যত্ন নেবে

আপনি চোখের যত্ন নিন, চোখ আপনার যত্ন নেবে। মাথা ব্যথার অধিকাংশ কারনই চক্ষু সম্পর্কিত। মাথা ব্যথা, চোখে ঝাপসা দেখা, রংধনু এর মত দেখা, অস্বাভাবিক বস্তু দেখা, আলোতে দেখতে অসুবিধা হলে তাৎক্ষণিক চক্ষু বিশেষজ্ঞের পরামর্শ নেওয়া আবশ্যক। পর্যাপ্ত আলোতে লেখাপড়া এবং অবস্থান চক্ষু সুস্বাস্থ্যের সহায়ক। চোখে কম দেখলে চক্ষুবিশেষজ্ঞের পরামর্শ নিন। চক্ষু বিশেষজ্ঞের পরামর্শ ব্যতীত অনুমান নির্ভর চোখের ড্রপ ব্যবহার একেবারেই অনুচিত। প্রয়োজনে চোখে কেবল মাত্র এক ফোটা ড্রপ এবং একাধিক ড্রপ প্রয়োগের ক্ষেত্রে ন্যূনতম ৫ মিনিট বিরতি প্রদান অনস্বীকার্য অপ্রাপ্তবয়স্কদের হাতে মোবাইল দেবেন না। শিশুদের হাতে মোবাইল দেওয়া মাদকের চেয়েও বেশি আসক্তিকর। কাজেই শিশুদেরকে মোবাইলের পরিবর্তে বই দিন । দৃষ্টিশক্তি উন্মোচনের মাধ্যমে জ্ঞান-শক্তিকে অবমুক্ত করুন। শিশুদের হাতে সূচালো বস্তু, ধারালো জিনিস, ছুরি কলম খেলনা হিসেবে দেওয়া একেবারেই অনুচিত। চোখে চুন এসিড গরম ঠান্ডা যেকোনো ধরনের তরল পদার্থ অথবা অন্য কিছু চোখে গেলে চোখ না রগড়ায়ে তাৎক্ষণিক পর্যাপ্ত পরিষ্কার পানি দিয়ে চোখ ভালো করে ধুয়ে ফেলুন এবং তাৎক্ষণিকভাবে চক্ষু বিশেষজ্ঞের পরামর্শ নিন। চোখে ক্ষত, জখম বা আলসার সৃষ্টি হলে পানি দেওয়া একেবারেই অনুচিত। রঙিন শাকসবজি, পুষ্টিকর খাবার, সহ চোখের ব্যায়াম, মেসেজ চক্ষু সুস্বাস্থ্যের জন্য সহায়ক। সানগ্লাস বা প্রয়োজনীয় চশমা ব্যবহারেই দৃষ্টিশক্তি স্বাভাবিক থাকে। ডিজিটাল ডিভাইস ব্যবহারের ক্ষেত্রে ২০-২০-২০ নিয়ম মেনে চলুন। চোখের রোগের নীরব ঘাতকের নামই গ্লুকোমা। গ্লুকোমায় চক্ষু ক্ষতিগ্রস্ত হয় এবংস্থায়ী ভাবে চোখ অন্ধ হয়ে যায়।

গ্লুকোমা জনিত রোগের কারণে হারানো দৃষ্টি ফেরানো অসম্ভব । তবে প্রাথমিক অবস্থায় নির্ণয় করে চিকিৎসার মাধ্যমে দৃষ্টি স্থির রাখা সম্ভব। গ্লুকোমা বংশোদ্ভূত পারিবারিক একটি রোগ। অন্যান্য কারণে গ্লুকোমা রোগের জন্য পারিবারিক ইতিহাস না থাকিলে অবশ্যই তিন মাস অন্তর গ্লুকোমা স্ক্যানিং করাবেন এবং গ্লুকোমা বিশেষজ্ঞের বিশেষজ্ঞদের পরামর্শ নিবেন। ৪০ উর্দ্ধ বয়সে সাধারণত ছানি পড়াটাই স্বাভাবিক। তবে ছানি হলেই যে অপারেশন করতে হবে তা’ কিন্তু নয়। ক্ষেত্র ভেদে অধিকাংশ ছানির ক্ষেত্রেই অপারেশন না-ও লাগতে পারে। চোখের ছানি জনিত অন্ধত্ব সমস্যায় চোখের ছানির ধরন, অবস্থান এবং প্রকৃতি নিরূপণ করে অপারেশন ছাড়াই প্রয়োজনীয় চশমা ব্যবহারের মাধ্যমেও দীর্ঘদিন দৃষ্টি-শক্তি ধরে রাখা সম্ভব। উচ্চ রক্তচাপ, ডায়াবেটিস অথবা অন্য যেকোনো চোখের সমস্যায় তিন মাস অন্তর চক্ষু পরীক্ষা করালে উক্ত রোগগুলির মাধ্যমে চোখের ক্ষতি মারাত্মকভাবে বিস্তার হওয়ার পূর্বেই প্রতিহত করা সম্ভব।

অধ্যাপক ডা. এনসিদে রবীন
মাথা ব্যাথা, গ্লুকোমা, ও ফেকো সার্জন
অধ্যাপক ও কনসালটেন্ট, চক্ষু রোগ বিশেষজ্ঞ

মেঘা ডায়াগনস্টিক ল্যাব
৪০ সদর রোড, বরিশাল
হোটেল আলী ইন্টারন্যাশনাল এর বিপরীতে।
সিরিয়াল: ০১৭৪৩ ৯৩২ ০৮৮

উপকূলীয় অঞ্চলে সুপেয় পানির নিশ্চয়তা একটি বড় চ্যালেঞ্জ
—ডাচ রাষ্ট্রদূত

বাকেরগঞ্জ প্রতিনিধি

‘ঘরে ঘরে পানি পৌঁছে দেওয়া গেলে নারী ও শিশুদের পানি সংগ্রহের কষ্ট ও নিরাপত্তাঝুঁকি অনেকটাই কমে আসবে। এ ধরনের উদ্যোগ সফলে স্থানীয় জনগণ, বিভিন্ন প্রতিষ্ঠান ও সরকারের সম্মিলিত প্রচেষ্টা প্রয়োজন। উপকূলীয় অঞ্চলের মানুষের জন্য সুপেয় পানির নিশ্চয়তা একটি বড় চ্যালেঞ্জ।’ বৃহস্পতিবার সকাল থেকে বরিশালের বাকেরগঞ্জের বিভিন্ন ইউনিয়নে গ্রামীণ মানুষের জন্য সুপেয় পানি সরবরাহের উদ্যোগ পরিদর্শন শেষে এসব কথা বলেন বাংলাদেশে নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত ইয়োরিস ভ্যান বোমেল। বৃষ্টিভেজা আবহাওয়ার মধ্যেও বরিশাল সফরের অভিজ্ঞতায় সন্তুষ্টি প্রকাশ করে ডাচ রাষ্ট্রদূত প্রাকৃতিক সৌন্দর্য, মানুষের আতিথেয়তা ও জীবনযাত্রার প্রশংসা করেন। একই সঙ্গে ডাচ সরকার, বিভিন্ন প্রতিষ্ঠান ও স্থানীয় জনগণের সম্মিলিত প্রচেষ্টায় উপকূলীয় মানুষের জীবনমানের আরও ইতিবাচক পরিবর্তন হবে বলে আশা ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

আলোচনাই এগোনোর পথ

বাংলাদেশ ও ভারতের মধ্যকার সম্পর্ক বহুমাত্রিকভৌগোলিক, ঐতিহাসিক, রাজনৈতিক, সাংস্কৃতিক পরিমণ্ডলসহ নানা শাখায় বিস্তৃত। দুই দেশের মানুষের মধ্যেও রয়েছে শিকড়ের বন্ধন। তার পরও নানা সময় দ্বিপক্ষীয় সম্পর্কে সংকট দেখা দিয়েছে। আশার কথা হলো, অতীতে সেসব সংকট কাটিয়ে উঠে উভয় দেশ ঠিকই সম্পর্কের দৃঢ় পাটাতন রচনা করেছে। তবে বিগত আওয়ামী লীগ সরকারের পতনের পর যে টানাপোড়েন দেখা দিয়েছে তা এখন বড় বাস্তবতা হয়ে দাঁড়িয়েছে। তথাপি দুই দেশের শীর্ষ পর্যায়ের কর্মকর্তাদের মধ্যে দফায় দফায় বৈঠক হয়েছে, যা অত্যন্ত ইতিবাচক হিসেবে দেখার সুযোগ রয়েছে। সর্বশেষ গত সোমবার প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সাক্ষাতের পর ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার দীনেশ ত্রিবেদী বলেছেন, 'খুবই ভালো আলোচনা হয়েছে।' বিশেষজ্ঞ মহলের অভিমত, এই ইতিবাচক আবহ কাজে লাগিয়ে সমঝোতার ভিত্তিতে দ্বিপক্ষীয় সম্পর্ক এগিয়ে নিতে হবে। প্রকাশিত খবরে জানা যায়, ঢাকার পক্ষ থেকে বেশ কিছু বিষয়ে জোর দেওয়া হয়েছে। একটি হলোÍমানবতাবিরোধী অপরাধে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বাংলাদেশে প্রত্যর্পণ প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। দ্বিতীয়ত, ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শহীদ শরিফ ওসমান হাদি হত্যা মামলার আসামিদের ফিরিয়ে দিতে হবে। এ ছাড়া ঢাকার পক্ষ থেকে দুই দেশের সম্পর্ক এগিয়ে নিতে 'সহায়ক পরিবেশ' (এনাবলিং এনভায়রনমেন্ট) তৈরির তাগিদ দেওয়া হয়েছে। আমরা মনে করি এসব বিষয় সময়োপযোগী ও অত্যন্ত যৌক্তিক। অন্তর্বর্তী সরকারের আমলে ভারত আশা প্রকাশ করেছে, বাংলাদেশে নির্বাচিত সরকার এলে সম্পর্ক স্বাভাবিক হবে। চলতি বছর ফেব্রুয়ারি মাসে নির্বাচনের মধ্য দিয়ে বিএনপি সরকার গঠন করে। ভারত প্রধানমন্ত্রী তারেক রহমানকে অভিনন্দন জানিয়েছে। এরপর দুই দেশের কর্মকর্তাদের মধ্যে নানা পর্যায়ে বৈঠক অনুষ্ঠিত হয়েছে। এমন পরিস্থিতিতে গত ৫ আগস্ট দিল্লিতে সংবাদ সম্মেলন করে বক্তব্য দেন শেখ হাসিনা এতে ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানিয়েছে বাংলাদেশ। অন্যদিকে এ নিয়ে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয় বলছে, একটি বেসরকারি সংবাদমাধ্যমের আয়োজিত ওই অনুষ্ঠানে ভারত সরকারের কোনো ভূমিকা ছিল না এবং সেখানে দেওয়া কোনো বক্তব্যকে, বিশেষ করে বাংলাদেশের নির্বাচিত সরকার নিয়ে করা মন্তব্যগুলোকে তারা সমর্থন করে না। আগামী সেপ্টেম্বরে নয়াদিল্লিতে অনুষ্ঠেয় ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগদানের আমন্ত্রণসহ প্রধানমন্ত্রী তারেক রহমানকে সফরের আমন্ত্রণ জানিয়েছে ভারত। পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান বলেছেন, প্রধানমন্ত্রীর ভারত সফরের বিষয়ে এখনো কোনো সিদ্ধান্ত হয়নি। তবে মূলনীতিটি মনে রাখা জরুরি; জাতীয় স্বার্থকে এগিয়ে নেওয়ার সুযোগ থাকলে সরাসরি রাজনৈতিক যোগাযোগের এই সুযোগগুলো কাজে লাগানো উচিত। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ যথার্থই বলেছেন, 'ভৌগোলিক, সামাজিক, রাজনৈতিক ও অর্থনৈতিক প্রেক্ষাপটসহ নানা দিক থেকে বাংলাদেশ ও ভারত একে অপরের ওপর নির্ভরশীল। অতীতকে পেছনে ফেলে দুই দেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে সুদৃঢ় করতে একটি নতুন সূচনা বা ফ্রেশ স্টার্ট জরুরি।' আমরাও মনে করি, দুই দেশের মধ্যে মত পার্থক্য থাকবে, নানা বিষয়ে সংকটও অস্বাভাবিক নয়। কিন্তু সুরাহার একমাত্র পথ হতে পারে আলোচনা। পারস্পরিক সমঝোতা ও মর্যাদার ভিত্তিতে যেকোনো বড় সংকট সমাধান করা যায়। তাই দুই দেশের মধ্যে আলোচনার যে সূত্রপাত হয়েছে, তা আরো নিয়মিত হোক। উভয় পক্ষের মনে রাখা জরুরি, সংলাপই সংকট সমাধানের মূল চাবিকাঠি।

মাঠপর্যায়ের কাজ গতিশীল করতে

নির্দেশনা দিয়েছেন পুলিশ মহাপরিদর্শক(আইজিপি) মো. আলী হোসেন ফকির। বৃহস্পতিবার (১৩ আগস্ট) দুপুর দেড়টার দিকে রাজধানীর রাজারবাগস্থ বাংলাদেশ পুলিশ অডিটোরিয়ামে আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিশেষ মতবিনিময় সভায় উর্ধ্বতন পুলিশ কর্মকর্তাদের উদ্দেশে এসব কথা বলেন তিনি। আইজিপি বলেন, রাজধানীতে দেশী-বিদেশি কূটনীতিকসহ সর্বস্তরের মানুষ বসবাস করেন; তাই রাজধানীর আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা পুরো দেশের স্থিতিশীলতার স্বার্থেই অপরিহার্য। মাঠপর্যায়ের কাজ গতিশীল করতে সিনিয়র অফিসারদের সরাসরি মনিটরিং বাড়ানোর পাশাপাশি সঠিক তদারকি থাকলে নিচের স্তরের পুলিশ সদস্যরা স্বতঃস্ফূর্তভাবে কাজ করতে উৎসাহিত হয়। তিনি পুলিশ কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, আপনারা অন্যায়ের কাছে মাথা নত না করে জনগণের স্বার্থে ও জনগণের শান্তি প্রতিষ্ঠায় কাজ করবেন। তবে ইচ্ছাকৃত ভুল বা ব্যক্তিগত স্বার্থ হাসিলের চেষ্টা করলে তার দায় পুলিশ বাহিনী নেবে না এবং সেক্ষেত্রে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। রাজনৈতিক নিরপেক্ষতা ও পেশাদারিত্বের গুরুত্ব তুলে ধরে আইজিপি বলেন, দল-মত নির্বিশেষে পুলিশের পরিচয় একটাই আমরা আইন ও জনগণের সেবক। মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি থাকবে। বর্তমানে ঐতিহ্যগত অপরাধের চেয়ে সাইবার ক্রাইম, গুজব ও সোশ্যাল মিডিয়ায় অপপ্রচার ও 'মিস ইনফরমেশন' মোকাবিলা করা পুলিশের জন্য বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। তাই পুলিশকে অকার্যকর করার ষড়যন্ত্র ও বিভ্রান্তিকর তথ্যের বিরুদ্ধে সবাইকে সচেতন থাকতে হবে। আইন-শৃঙ্খলা সংক্রান্ত বিশেষ মতবিনিময় সভায় ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার মোসলেহ উদ্দিন আহমেদ, অতিরিক্ত আইজিপি খন্দকার রফিকুল ইসলামসহ বাংলাদেশ পুলিশের বিভিন্ন স্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সরকারের 'দুর্নীতি ও দলীয়করণের'

জামায়াতে ইসলামী। জ্বালানি খাত বেসরকারিকরণের নামে পুরোনো অলিগার্কদের নতুন করে সুবিধা দিয়ে সরকার এ সংকটকে আরও গভীর করবে বলে আশঙ্কা বিরোধী দলের। ব্যবস্থাপনায় ব্যর্থতার তীব্র নিন্দা জানিয়ে, বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যাপক 'দুর্নীতি ও দলীয়করণের কারণে' বিদ্যুৎ ও গ্যাস সংকট চরমে উঠেছে বলে সরকারকে দায়ী করেছে দলটি। বৃহস্পতিবার (১৩ আগস্ট) দলের পক্ষে সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার এক বিবৃতিতে এসব কথা বলেন। বিবৃতিতে তিনি বলেন, সম্প্রতি দেশে চরম বিদ্যুৎ ও গ্যাস সংকট দেখা দিয়েছে। চাহিদার তুলনায় সরবরাহ ঘাটতিতে জনদুর্ভোগ বেড়েছে। গত ৯ আগস্ট রোববার থেকে এই ব্যাপক লোডশেডিং কবলে পড়ে দেশ। তথ্যমতে, ৯ আগস্ট ৩৬৭১ মেগাওয়াট, ১০ আগস্ট ৩৭৫৭ মেগাওয়াট ১১ আগস্ট ৩৬৩৫ মেগাওয়াট এবং ১২ আগস্ট লোডশেডিং ছিল ৩ হাজার ৩৮২ মেগাওয়াট। এতে দেখা যায় গত কয়েকদিনে গড়ে প্রায় সাড়ে তিনহাজার মেগাওয়াট বিদ্যুৎ ঘাটতি রয়েছে। যার ভুক্তভোগী হয়েছে দেশের মানুষ ও শিল্পখাত। তিনি আরও বলেন, গত ১২ আগস্ট বুধবার ৩৮০ কোটি ঘনফুট গ্যাসের চাহিদার বিপরীতে সরবরাহ ছিল ২০৩ কোটি ঘনফুট। সরকারের অব্যবস্থাপনা, অদক্ষতা, অদূরদর্শিতা, বিভিন্ন প্রতিষ্ঠানে ব্যাপক দুর্নীতি ও দলীয়করণের কারণে দেশে বিদ্যুৎ ও গ্যাস সংকট চরমে উঠেছে। সরকারের এমন অব্যবস্থাপনায় নাগরিকদের দৈনন্দিন জীবন বিপর্যস্ত হওয়ায় আমরা গভীর উদ্বেগ প্রকাশ করছি ও সরকারের ব্যর্থতার তীব্র নিন্দা জানাচ্ছি। মিয়া গোলাম পরওয়ার বলেন, দেশে জ্বালানিসংকট বেড়ে যাওয়ায় ক্রমাগত জনরোষ বাড়ছে। ইতোমধ্যে দেশের ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতিতে নিরাপত্তা জোরদার করতে পুলিশ সদর দপ্তরে বুধবার চিঠি দিয়েছে বাংলাদেশ পল্লী বিদ্যুৎ অ্যাসোসিয়েশন। এটি সরকারের বিদ্যুৎ ব্যবস্থাপনায় ব্যর্থতার চিত্রকে তুলে ধরে। গণমাধ্যমে প্রকাশিত প্রতিবেদন অনুযায়ী, দেশের উত্তরাঞ্চলের জেলা নীলফামারীতে ৮০ মেগাওয়াট চাহিদার বিপরীতে সরবরাহ পাচ্ছেন ৪৫ থেকে ৫৫ মেগাওয়াট, কুষ্টিয়ার ১৫৫ মেগাওয়াট চাহিদার বিপরীতে ৮৫ থেকে ৯৫ মেগাওয়াট বিদ্যুৎ দেয়া হচ্ছে- এমন চিত্র দেশের সর্বত্র। এমতাবস্থায় নিরাপত্তা চেয়ে চিঠি দিয়েছে বিদ্যুৎ সংশ্লিষ্টরা। তিনি আরও বলেন, সরকার বিদ্যুৎ ব্যবস্থাপনায় সুদূরপ্রসারী সিদ্ধান্ত না নেয়ায় নানা অবস্থার তৈরি হয়েছে। দেশের শিল্প-কারখানায় উৎপাদন ব্যাহত হচ্ছে, নাগরিকরা বাসা বাড়িতে বিদ্যুৎ ও গ্যাস সংকটে নিয়মিত রান্নাবান্নাসহ নিত্যকর্ম পরিচালনা করতে পারছে না, শিক্ষার্থীদের অধ্যয়নে ব্যাঘাত ঘটছে। সর্বোপরি নাগরিক জীবন দুর্বিষহ হয়ে উঠছে। এমতাবস্থায় সরকার সংকট নিরসনে কার্যকর কোনো উদ্যোগ না নেয়া জনগণের প্রতি সরকারের দায়িত্বহীনতার পরিচয়। গোলাম পরওয়ার বলেন, জ্বালানি খাত বেসরকারিকরণের নামে পুরোনো অলিগার্কদের নতুন করে সুবিধা দিয়ে সরকার এ সংকটকে আরও গভীর করবে বলে আশঙ্কা রয়েছে। এমতাবস্থায় দুর্ভোগ লাঘবে সরকারকে গ্যাস সরবরাহ বাড়ানো, শিল্পের গ্যাস চুরি বন্ধ, লিকেজ ও সিস্টেম লস কমিয়ে আনা, এনার্জি কনভার্শনের যাবতীয় পলিসি ও যন্ত্রপাতি আমদানি সহজ করা, তেল পাচার রোধের ব্যবস্থাসহ সরকারি বা বেসরকারি উদ্যোগে অপরিশোধিত তেল আমদানির ব্যবস্থা নেয়ার দাবি জানাচ্ছি। একই সঙ্গে বিদ্যুৎ উৎপাদন ও বিতরণের সাথে সংশ্লিষ্টদের দক্ষতা উন্নয়নে কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরও বলেন, দেশের বিদ্যমান সংকট নিরসনে ও জ্বালানি নিরাপত্তা নিশ্চিতে অভ্যন্তরীণ গ্যাস অনুসন্ধানের জন্য স্থলভাগের রিজার্ভার ম্যানেজমেন্ট (নতুন প্রযুক্তিসহ), নতুন এক্সপ্লোরেশন কূপ খনন ও ডেভেলপমেন্ট কূপ খননে সক্ষম বিদেশি পার্টনার আনার ব্যবস্থা করা জরুরি বলে আমরা মনে করি। এমতাবস্থায় জনগণের মৌলিক ও দৈনন্দিন চাহিদা পূরণে সরকার উদ্যোগ নিতে যদি ব্যর্থ হয় তাহলে যেকোনো উদ্ভূত পরিস্থিতির দায় সরকারকেই নিতে হবে।

আসন্ন রাষ্ট্রপতি নির্বাচন

নির্বাচন কোনো নিয়ম রক্ষার নির্বাচন নয়। বৃহস্পতিবার (১৩ আগস্ট) নির্বাচন কমিশনে বিএনপি ও দলীয় জোটের পক্ষ থেকে আসন্ন রাষ্ট্রপতি নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের পর গণমাধ্যমকে ব্রিফিংকালে তিনি এসব কথা বলেন। এসময় বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর সিনিয়র নেতারা, সরকারের মন্ত্রী, জাতীয় সংসদের হুইপ এবং সংসদ সদস্যরা উপস্থিত ছিলেন। চিফ হুইপ জানান, আগামী ২০ আগস্ট অনুষ্ঠিতব্য রাষ্ট্রপতি নির্বাচনে বিএনপির পক্ষ থেকে দলের মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে মনোনয়ন দেওয়া হয়েছে এবং আজ তার মনোনয়নপত্র দাখিল করা হয়েছে। মনোনয়নপত্রে প্রস্তাবক ছিলেন দলের স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান এবং সমর্থক হিসেবে গয়েশ্বর চন্দ্র রায় স্বাক্ষর করেছেন। রাষ্ট্রপতি নির্বাচনে জাতীয় সংসদের ৩৪৯ জন সংসদ সদস্য তাদের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। চিফ হুইপ বলেন, 'গণতন্ত্রের সৌন্দর্য হলো প্রতিদ্বন্দ্বিতা। বিরোধী দলীয় জোট থেকে প্রার্থীর মনোনয়নপত্র জমা দেয়া হয়েছে। আমরা একে স্বাগত জানাই।' তিনি বলেন, এটি কোনো 'নিয়ম রক্ষার নির্বাচন' নয়। সংবিধান এবং আরপিও অনুযায়ী একটি নির্বাচন যেভাবে হওয়ার কথা, ঠিক সেভাবেই নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। দীর্ঘ ১৭ বছরের আন্দোলনের পর একটি নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে গঠিত এই সংসদ দেশের মানুষের প্রত্যাশা পূরণে কাজ করছে বলেও তিনি উল্লেখ করেন। সংবিধান সংস্কারের বিষয়ে চিফ হুইপ বলেন, সরকার 'জুলাই সনদের' প্রতিটি অক্ষর, দাড়ি, কমা ও সেমিকোলন বাস্তবায়নে প্রতিশ্রুতিবদ্ধ। সংবিধান নতুন করে লেখার প্রয়োজন নেই; প্রয়োজনীয় সংশোধনের মাধ্যমেই সংবিধান সংস্কার করা হবে। তিনি বলেন, 'আমরা একটি কমাও যদি পরিবর্তন করি, সেটাই হবে সংস্কার। আগামী প্রজন্মের জন্য একটি দীর্ঘস্থায়ী সংবিধান নিশ্চিত করতে আমরা সকলের মতামত নিয়েই কাজ করতে চাই।' চিফ হুইপ বলেন, সংবিধান সংস্কার কোনো ব্যক্তি বা দলের স্বার্থে নয়; বরং আগামী প্রজন্মের জন্য একটি কার্যকর, টেকসই ও দীর্ঘস্থায়ী সাংবিধানিক কাঠামো নিশ্চিত করাই এর লক্ষ্য।

দেশে গণিতচর্চা বাড়াতে

বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াড (আইএমও) ও ইউরোপীয় বালিকা গণিত অলিম্পিয়াডের (ইজিএমও) বিজয়ী বাংলাদেশি শিক্ষার্থীরা প্রধানমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আশ্বাস দেন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান। সাক্ষাৎকালে পদকজয়ী শিক্ষার্থীরা প্রধানমন্ত্রীর সঙ্গে কুশলবিনিময় করে। তারা গণিত অলিম্পিয়াডে তাদের অংশগ্রহণ, অভিজ্ঞতা ও অর্জনের কথা প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন। প্রধানমন্ত্রী তাদের অভিনন্দন এবং ভবিষ্যতে আরও সাফল্য অর্জনের জন্য শুভকামনা জানান। এসময় বাংলাদেশ বালিকা গণিত ফাউন্ডেশনের (বিজিএমএফ) পক্ষ থেকে তৃণমূল পর্যায়ে গণিত অলিম্পিয়াডের কার্যক্রম আরও বিস্তৃত ও কার্যকর করতে প্রধানমন্ত্রীর সহযোগিতা কামনা করা হয়। প্রধানমন্ত্রী এ উদ্যোগে সরকারের পক্ষ থেকে প্রয়োজনীয় সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। স্কুল পর্যায়ে গণিত অলিম্পিয়াডের কার্যক্রম পরিচালনা ও সম্প্রসারণের জন্য একটি তহবিল গঠনের প্রস্তাব করা হলে প্রধানমন্ত্রী শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে এ বিষয়ে অর্থায়নে তাৎক্ষণিক সম্মতি জানান। এছাড়া বাংলাদেশ ম্যাথমেটিক্যাল অলিম্পিয়াড কমিটির (বিডিএমও) পক্ষ থেকে স্কুল পর্যায়ে কার্যক্রমভিত্তিক গণিত চালুর প্রস্তাব করা হলে প্রধানমন্ত্রী তাতেও সম্মতি জানান। স্কুল শিক্ষকদের গণিত দক্ষতা যাচাইয়ের জন্য ইংরেজি ভাষার দক্ষতা যাচাইয়ের আইইএলটিএস পরীক্ষার আদলে একটি পৃথক গণিত দক্ষতা যাচাই পরীক্ষা চালুর প্রস্তাবও উপস্থাপন করা হয়। প্রধানমন্ত্রী বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনা করার আশ্বাস দেন। প্রধানমন্ত্রী বলেন, দেশে গণিতচর্চা ও গণিত অলিম্পিয়াডের কার্যক্রম আরও বিস্তৃত করতে ভবিষ্যতে সরকারের পক্ষ থেকে যে কোনো ধরনের সহযোগিতার প্রয়োজন হলে তা দেওয়া হবে।

বরিশাল আদালতের ফটকে

পৌনে ১১টার দিকে বরিশাল জেলা ও দায়রা জজ আদালতের প্রধান ফটকে ককটেল সদৃশ বস্তুর বিস্ফোরণের ঘটনা ঘটে। আকস্মিক এ বিস্ফোরণে বিকট শব্দে পুরো আদালত চত্বরে আতঙ্কের সৃষ্টি হয়। তবে এতে কোনো হতাহতের ঘটনা ঘটেনি। এ ঘটনার পর আইনশৃঙ্খলা বাহিনীর বাহিনীর সদস্যরা তদন্ত ও জড়িতদের গ্রেপ্তারে অভিযান চালাচ্ছে বলে জানিয়েছে পুলিশ।

চুরি করতে প্রবাসীর বাড়িতে ঢুকে

করেছেন স্থানীয় জনতা। নাঈম ওই এলাকার রফিক মিয়ার ছেলে এবং উপজেলা ছাত্রলীগের রাজনীতির সঙ্গে সক্রিয়ভাবে জড়িত বলে স্থানীয় বাসিন্দারা নিশ্চিত করেছেন। পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়, প্রবাসী ইলিয়াছ হোসেনের বাড়ির পাশের একটি সুপারি গাছ বেয়ে দোতলার ঘরে প্রবেশ করেন নাঈম। ঘরে ঢুকে তল্লাশি চালানোর সময় ইলিয়াছের স্ত্রী নাজমা আক্তার তাকে দেখে ফেলেন। নাজমা বিষয়টি মুঠোফোনে স্বজনদের জানানোর চেষ্টা করলে নাঈম তার ওপর ঝাঁপিয়ে পড়েন। একপর্যায়ে নাঈম তার কাছে থাকা ধারালো ছুরি দিয়ে নাজমাকে এলোপাতাড়ি কোপাতে শুরু করেন। এ সময় নাজমার চিৎকার শুনে তার শিশু মেয়ে এগিয়ে এলে তাকেও ছুরিকাঘাত করেন নাঈম। তাদের বাঁচাতে প্রতিবেশী নুহিন মিয়া এগিয়ে এলে নাঈম তাকেও কুপিয়ে জখম করেন। তিনজনের চিৎকারে আশপাশের লোকজন ছুটে এসে নাঈমকে হাতেনাতে আটক করে গণপিটুনি দেয়। পরে খবর পেয়ে পুলিশ গিয়ে তাকে উদ্ধার করে থানায় নিয়ে যায়। হাসপাতালে চিকিৎসাধীন নাজমা আক্তার বলেন, 'নাঈম গাছ বেয়ে ঘরে ঢুকে চুরি করতে চেয়েছিল। আমি ফোন করতে গেলেই সে আমাকে জানোয়ারের মতো কোপাতে শুরু করে। আমার মেয়েটাকেও ছাড়েনি।' নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান বলেন, 'খবর পেয়ে আমরা ঘটনাস্থল থেকে অভিযুক্ত নাঈমকে আটক করেছি। তার বাবা রফিককেও জিজ্ঞাসাবাদের জন্য থানায় আনা হয়েছে। আহতদের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। এ ঘটনায় মামলা রুজু করে আসামিকে আদালতে পাঠানো হয়েছে।'

বরগুনায় ১৭ লাখ টাকার

বিভিন্ন মাছের আড়তে তল্লাশি চালিয়ে ৪৪০ কেজি শাপলা পাতা ও ২৫০ কেজি গিটার মাছ পাওয়া যায়। পরে মাছগুলো জব্দ করা হয়। জব্দ করা মাছের আনুমানিক বাজারমূল্য ১৭ লাখ ২৫ হাজার টাকা। তবে কোস্টগার্ডের উপস্থিতি টের পেয়ে মাছের সঙ্গে জড়িত ব্যক্তিরা ঘটনাস্থল থেকে পালিয়ে যাওয়ায় কাউকে আটক করা সম্ভব হয়নি। পরে পাথরঘাটা বন বিভাগের সংশ্লিষ্টদের উপস্থিতিতে জব্দ করা শাপলা পাতা ও গিটার মাছ ধ্বংসের উদ্দেশ্যে মাটিতে পুঁতে ফেলা হয়। লেফটেন্যান্ট মো. সালমান বিন শওকত বলেন, বিলুপ্তপ্রায় সামুদ্রিক প্রাণী ও মৎস্যসম্পদ রক্ষায় কোস্টগার্ডের অভিযান অব্যাহত থাকবে। নিষিদ্ধ প্রজাতির মাছ আহরণ, সংরক্ষণ ও বেচাকেনার বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হবে।

৩ মনোনয়নপত্র জমা প্রার্থী

একটি মনোনয়নপত্র রয়েছে। একই প্রার্থীর দু'টি মনোনয়নপত্র দাখিলের বিষয়ে জানতে চাইলে ইসি সচিব জানান, এটি নির্বাচন কমিশনের যাচাই-বাছাইয়ের বিষয়। প্রথম মনোনয়নপত্রটি যদি কোনো কারণে বাতিল হয়, কেবল তখনই দ্বিতীয়টি যাচাই করে দেখা হবে। ঘোষিত তফসিল অনুযায়ী, আগামী ১৬ আগস্ট সকাল ১০টা থেকে জমা পড়া মনোনয়নপত্রগুলো যাচাই-বাছাই করা হবে। এই প্রক্রিয়ায় সার্বিক সহযোগিতা ও উপস্থিতির জন্য সংসদ সচিবালয়ের একজন প্রতিনিধি থাকবেন। তফসিল সূচি অনুযায়ী, আগামী ২০ আগস্ট নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। ১৯৯১ সালের পর এটিই প্রথম যেখানে রাষ্ট্রপতি নির্বাচনের জন্য সরাসরি ভোটগ্রহণ হতে যাচ্ছে।

পাইপ ভেঙে মামলার

সঙ্গে এ অপকর্মের সঙ্গে জড়িত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে তাৎক্ষণিকভাবে আইনানুগ ব্যবস্থা গ্রহণ এবং মামলা দায়েরের নির্দেশনা প্রদান করেন। অ্যাডভোকেট বিলকিস আক্তার জাহান শিরীন বলেন, "জনগণের অর্থে নির্মিত সড়ক বা অবকাঠামোর কোনো ধরনের ক্ষতি বা নাশকতা বরদাশত করা হবে না। যারা অবৈধভাবে বালু উত্তোলনের মাধ্যমে সরকারি সম্পদের ক্ষতি করছে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।" স্থানীয় বাসিন্দারা প্রশাসকের তাৎক্ষণিক পদক্ষেপকে স্বাগত জানিয়ে বলেন, অবৈধ বালু উত্তোলনের কারণে নতুন সড়কটি ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা ছিল। প্রশাসনের কঠোর অবস্থানের ফলে এ ধরনের অপতৎপরতা বন্ধ হবে বলে তারা আশা প্রকাশ করেন। বরিশাল সিটি কর্পোরেশন সূত্র জানায়, নগরীর অবকাঠামো রক্ষায় অবৈধ বালু উত্তোলন, খাল দখল ও সরকারি সম্পদ বিনষ্টের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করা হবে।

বরিশাল বিভাগের সর্বোচ্চ

পারি। আমি এসেছি পেটে ব্যথা নিয়ে, পরে দেখা যাবে ডেঙ্গু নিয়ে বাসায় ফিরতে হবে। এখানে সেবা ভালোই পেয়েছি, এখন মোটামুটি সুস্থ। তবে একই জায়গায় অনেক রোগী। ডেঙ্গুর জন্য আলাদা কক্ষ, হাম রোগীর জন্য আলাদা কক্ষ এবং সাধারণ রোগীদের জন্য আলাদা কক্ষ থাকলে ভালো হতো। সরেজমিনে পিরোজপুর সদর হাসপাতালে গিয়ে দেখা যায়, ডেঙ্গু রোগীদের অনেকেই মশারি ব্যবহার করছেন না। সাংবাদিকদের উপস্থিতি টের পেয়ে নার্সদের নির্দেশনায় দ্রুত মশারি টানিয়ে দেন কয়েকজন রোগী। এ বিষয়ে হাসপাতালের এক নার্স জানান, রোগীদের বারবার মশারি ব্যবহারের জন্য বলা হলেও অনেকেই তা খুলে রাখেন। হাসপাতালে চিকিৎসা নিতে আসা এক রোগীর স্বজন মোহাম্মদ ইয়াসিন বলেন, সাংবাদিকরা আসার পর মশারিগুলো টানানো হয়েছে। এতক্ষণ মশারি টানানো ছিল না। দেখলে বোঝাই যায় না কে ডেঙ্গু রোগী আর কে সাধারণ রোগী। ডেঙ্গু রোগীকে যে মশা কামড় দিয়েছে, সেই মশা যদি আমাদের রোগীকে কামড়ায় তাহলে আমাদের রোগীরও ডেঙ্গু হতে পারে। আমাদের পাশে যে ভবন হয়েছে, সেখানে সাধারণ ও ডেঙ্গু রোগীদের আলাদা জায়গার ব্যবস্থা করা হোক। হাসপাতাল সূত্রে জানা গেছে, প্রতিদিনই ডেঙ্গু রোগী ভর্তি হচ্ছে, পাশাপাশি অন্যান্য রোগে আক্রান্ত রোগীরাও একই সময়ে হাসপাতালে ভর্তি হচ্ছেন। এতে চিকিৎসাসেবা দিতে গিয়ে অতিরিক্ত চাপ সামলাতে হচ্ছে চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীদের। পিরোজপুর সদর হাসপাতালের মেডিকেল কনসালট্যান্ট সুরঞ্জিত সাহা বলেন, এ বছর ডেঙ্গু রোগীর চাপ কমছেই না। আমরা আশা করেছিলাম রোগীর চাপ কিছুটা কমে যাবে, কিন্তু প্রতিনিয়ত রোগী আসছে। একজন রোগী ভর্তি হলে তার চিকিৎসা সম্পন্ন করতে পাঁচ থেকে ছয় দিন সময় লাগে। এর মধ্যে নতুন রোগী আসে, পাশাপাশি অন্যান্য রোগীরাও ভর্তি হচ্ছে। ফলে এখন রোগীর চাপ অনেক বেশি। তিনি বলেন, আগে আমাদের পাশের জেলা বাগেরহাটের বাদাল এলাকা থেকে বেশিরভাগ ডেঙ্গু রোগী ভর্তি হতো। বর্তমানে পিরোজপুরের বিভিন্ন জায়গা থেকেও রোগী ভর্তি হচ্ছে। ডেঙ্গু প্রতিরোধে সচেতনতার ওপর গুরুত্ব দিয়ে সুরঞ্জিত সাহা বলেন, ডেঙ্গু থেকে বাঁচতে হলে সচেতন হতে হবে। ঘুমানোর আগে অবশ্যই মশারি নিয়ে ঘুমাতে হবে। বাড়ির আশপাশে কোথাও পানি জমে আছে কি না, সেদিকে খেয়াল রাখতে হবে। যেসব জায়গায় পানি জমে থাকে, সেখান থেকেই মশা উৎপন্ন হয়। সেগুলো পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। সচেতন মহলের মতে, ডেঙ্গু রোগী বাড়ার পেছনে অপর্যাপ্ত ড্রেনেজ ব্যবস্থা, ভাঙা রাস্তার আশপাশে পানি জমে থাকা এবং মানুষের অসচেতনতা অন্যতম কারণ। ডেঙ্গু প্রতিরোধে কাজ করছে পিরোজপুর পৌরসভা ও জেলা পরিষদ। পিরোজপুর পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা বনি আমিন বলেন, আমরা নিয়মিত মশার লার্ভা নিধনের জন্য স্প্রে করছি, এটি আরও জোরদার করা হবে যেহেতু বর্ষাকাল এসেছে, আর ডেঙ্গুর প্রকোপটা এখন অনেকটাই বেশি। এর জন্য আসলে জনগণকে সচেতন হতে হবে, ডেঙ্গু তো মূলত পরিষ্কার পানিতে জন্মায়, ডাবের খোসা, কনস্ট্রাকশনের জায়গায়, ফুলের টবে পানিতে ডেঙ্গু মশা উৎপন্ন হয়, আমরা জনগণকে সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করছি। সামনে জনগণকে সঙ্গে নিয়ে আরও জোরদারভাবে ডেঙ্গু প্রতিরোধে কাজ করবো আমরা। পিরোজপুর জেলা পরিষদের প্রশাসক অধ্যক্ষ আলমগীর হোসেন বলেন, পিরোজপুরে ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়ছে। ডেঙ্গুর প্রকোপ রোধে জেলা পরিষদের পক্ষ থেকে বিভিন্ন পুকুর, ডোবা ও পৌরসভার বিভিন্ন এলাকার ড্রেন পরিষ্কার-পরিচ্ছন্ন করা হচ্ছে। তিনি বলেন, ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন স্কুল-কলেজে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানগুলোর আশপাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন করা, বৃক্ষরোপণসহ ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। পিরোজপুরে ডেঙ্গু রোগীর সংখ্যা বাড়ায় উদ্বেগ প্রকাশ করেছেন জেলার সিভিল সার্জন। ডেঙ্গু প্রতিরোধে জনসচেতনতা বাড়ানোর পাশাপাশি এডিস মশার প্রজননস্থল ধ্বংসের ওপর গুরুত্ব দিয়েছেন তিনি। সিভিল সার্জন ডা. মো. মতিউর রহমান বলেন, পিরোজপুর জেলার পক্ষ থেকে স্বাস্থ্য বিভাগের মাধ্যমে আইইডিসিআর ইনভেস্টিগেশন টিমের জন্য অনুরোধ করেছিলাম। পরিচালক মহোদয় একটি টিম পাঠিয়েছেন। তারা ইতিমধ্যে একদিন কাজ করেছে, প্রথম দিনের রিপোর্টে তারা আমাকে বলেছে সুপারি গাছের গোড়া ও নারিকেল গাছের গোড়ায় পানি জমা, এবং বিভিন্ন নির্মাণাধীন বিল্ডিংয়ে জমে থাকা পানি থেকে ডেঙ্গু উৎপন্ন হচ্ছে। একই সঙ্গে তারা জানিয়েছে জনগণের সচেতনতা কিছুটা কম। তাদের ইনভেস্টিগেশন সম্পূর্ণ শেষ হওয়ার পর তারা যে নির্দেশনা দেবে, সে অনুযায়ী আমরা কাজ করবো। এ ছাড়া আমরা জনগণের সচেতনতা বৃদ্ধির জন্য নিয়মিত কাজ করছি। যারা ডেঙ্গু রোগী হিসেবে ভর্তি হচ্ছেন, তাদের ভালো সেবা দেওয়ার চেষ্টা করছি এবং সব ধরনের সেবা নিশ্চিত করছি।

উপকূলীয় অঞ্চলে সুপেয় পানির

প্রকাশ করেন। ডাচ প্রতিনিধি দলের সদস্যরা বাকেরগঞ্জের দুর্গম এলাকায় ম্যাক্স ফাউন্ডেশন, ম্যাক্স সোশ্যাল এন্টারপ্রাইজ ও ম্যাক্স ট্যাপ ওয়াটারের সহায়তায় অফ-গ্রিড ব্যবস্থায় সুপেয় পানি সরবরাহের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। দুর্গম ও উপকূলীয় এলাকায় প্রচলিত অবকাঠামোর বাইরে কীভাবে নিরাপদ পানি পৌঁছে দেওয়া হচ্ছে, সে বিষয়ে তাঁরা বিভিন্ন কার্যক্রম ঘুরে দেখেন। এ সময় ম্যাক্স ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও পরিচালক ইয়োকা ল্য পুলে বলেন, প্রায় দুই দশক আগে উপকূলীয় মানুষের জীবনযাত্রার সঙ্গে কাজ করতে গিয়ে তারা সুপেয় পানির সংকটকে অন্যতম গুরুত্বপূর্ণ সমস্যা হিসেবে চিহ্নিত করেছেন। তাই দীর্ঘদিন ধরে নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে মানুষের জীবনমান উন্নয়নে কাজ করে যাচ্ছে তাঁদের প্রতিষ্ঠান। সফরসঙ্গী হিসেবে ডাচ প্রতিনিধি দলের সঙ্গে ছিলেন ম্যাক্স ফাউন্ডেশন বাংলাদেশ ও নেপালের কান্ট্রি ডিরেক্টর এটিএম তারিকুল ইসলাম এবং ম্যাক্স ফাউন্ডেশন সোশ্যাল এন্টারপ্রাইজের ব্যবস্থাপনা পরিচালক ইয়ামিন ফারুক।

উত্তর বঙ্গোপসাগরে সুস্পষ্ট

আবহাওয়াবিদ মো. তরিফুল নেওয়াজ কবিরের দেওয়া পূর্বাভাসে এ তথ্য জানানো হয়। আবহাওয়া অধিদপ্তর জানায়, আগামী ২৪ ঘণ্টার মধ্যে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে

মেহেন্দিগঞ্জে উলানিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়-**কীর্তনখোলা**

পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য কমতে পারে। শুক্রবার (১৪ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী শনিবার (১৫ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা ও ময়মনসিংহ বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী রোববার (১৬ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে রংপুর, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং রাজশাহী, ঢাকা ও খুলনা বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। আগামী সোমবার (১৭ আগস্ট) সকাল ৯টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার মধ্যে রংপুর, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় এবং ঢাকা, রাজশাহী, খুলনা ও বরিশাল বিভাগের কিছু কিছু জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারি ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে এবং সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বাড়তে পারে।

৬ষ্ঠ শ্রেণির ছাত্রীকে ধর্ষণের

এ ঘটনা ঘটে বলে জানা যায়। মামলার সূত্রে জানা যায়, গত বৃহস্পতিবার রাত ৮টার দিকে তরকারি গরম করার জন্য মেয়েকে শুকনো নারকেল পাতা আনতে বাড়ির পেছনে পাঠান মা। এসময় পাশের বাড়ির ধর্ষণকারী অভিযুক্ত আসামি সুমন ওই ছাত্রীকে মুখ চেপে জোর করে তাদের বাড়ির রান্না ঘরে নিয়ে যান এবং ধর্ষণ করেন। পরে মেয়েটি সেই ঘটনা তার বান্ধবীকে বলে। এরপর বান্ধবী ধর্ষণের শিকার ছাত্রীর মাকে ঘটনাটি জানায়। পরে স্থানীয় ইউপি মহিলা সদস্যের পরামর্শে ভুক্তভোগীর মা থানায় মামলা করেন। ওসি মাজাহারুল ইসলাম জানান, মামলার আসামিকে ধরতে পুলিশ অভিযান পরিচালনা করছে।

বরযাত্রীর সাজে শিক্ষকের রাজকীয়

অংশ হিসেবে বরযাত্রীবাহী গাড়ির আদলে সাজানো একটি মাইক্রোবাসে প্রিয় শিক্ষক রেজাউল করিম কবিরকে বিদায় জানানো হয়। মাইক্রোবাসটি বিদ্যালয় থেকে বের হওয়ার সময় রাস্তার দুই পাশে সারিবদ্ধভাবে দাঁড়িয়ে থাকে কোমলমতি শিক্ষার্থীরা। এ সময় তারা ফুল ছিটিয়ে প্রিয় শিক্ষককে বিদায় জানায়। অন্যদিকে প্রাক্তন শিক্ষার্থীরা দুই পাশ থেকে ফিতা টেনে তৈরি করেন উৎসবমুখর ও আবেগঘন পরিবেশ। বিদায়ের মুহূর্তে অনেক শিক্ষার্থীর চোখে পানি দেখা যায়। প্রিয় শিক্ষককে ছেড়ে যাওয়ার বেদনায় কয়েকজন শিক্ষার্থী কান্নায় ভেঙে পড়ে। এতে পুরো বিদ্যালয় প্রাঙ্গণে তৈরি হয় এক হৃদয়স্পর্শী পরিবেশ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চরফ্যাশন উপজেলা বিএনপির সাবেক সিনিয়র সহ-সভাপতি মো. মিন্টিজ মিয়া, উপজেলা যুবদলের সদস্য সচিব হাজী জাহিদুল ইসলাম রাসেলসহ বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও প্রাক্তন শিক্ষার্থীরা। অনুষ্ঠানে বক্তারা শিক্ষক রেজাউল করিম কবিরের দীর্ঘ কর্মজীবনের বিভিন্ন স্মৃতি তুলে ধরেন। হাজী জাহিদুল ইসলাম রাসেল বলেন, রেজাউল করিম কবির অত্যন্ত আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে বিদ্যালয়ে দায়িত্ব পালন করেছেন। বিদ্যালয়ের পরিষ্কার-পরিচ্ছন্নতা থেকে শুরু করে বাথরুম পরিষ্কার পর্যন্ত তিনি নিজ হাতে করতেন। তাঁর মতো আন্তরিক ও নিবেদিতপ্রাণ শিক্ষক সত্যিই বিরল। প্রিয় শিক্ষককে বিদায় জানাতে গিয়ে এক শিক্ষার্থী কান্নাজড়িত কণ্ঠে বলে, 'স্যার আমাকে রিডিং শিখিয়েছেন। এখন আমি পড়তে ও লিখতে জানি। স্যার চলে যাচ্ছেন, তাই আমার অনেক কষ্ট হচ্ছে।' বিদ্যালয়ের প্রাক্তন ছাত্র, সমাজসেবক ও বিদায় অনুষ্ঠানের আয়োজক সবুজ বলেন, বিদ্যালয়ের কোনো শিক্ষক অনুপস্থিত থাকলে রেজাউল করিম কবির নিজেই সেই ক্লাস পরিচালনা করতেন। বিদ্যালয়ের প্রতি তাঁর আন্তরিকতা, দায়িত্ববোধ ও ভালোবাসা ছিল অসাধারণ। তাঁর কথা বলতে গিয়ে আবেগাপ্লুত হয়ে পড়েন তিনি। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও অভিভাবকরা বলেন, রেজাউল করিম কবির শুধু একজন শিক্ষক ছিলেন না, তিনি শিক্ষার্থীদের কাছে ছিলেন অভিভাবকের মতো। দীর্ঘ কর্মজীবনে তাঁর আন্তরিকতা, শৃঙ্খলা, দায়িত্ববোধ ও শিক্ষার্থীদের প্রতি ভালোবাসার যে দৃষ্টান্ত তিনি রেখে গেছেন, তা বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও প্রাক্তন শিক্ষার্থীদের মনে দীর্ঘদিন স্মরণীয় হয়ে থাকবে।

উজিরপুরে দুর্নীতি প্রতিরোধ কমিটির

হয়। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন বিজয়ী দলের দলনেতা মাহিয়া। প্রধান অতিথির বক্তব্যে ইউএনও মো. আলী সুজা বলেন, দুর্নীতি সামাজিক ব্যাধিতে পরিণত হয়েছে। সততার চর্চার মাধ্যমে দুর্নীতিমুক্ত সমাজ গঠনে শিক্ষার্থীদের ভূমিকা রাখতে হবে। পরে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের পুরস্কার দেওয়া হয়।

বরিশালে নদ-নদীর পানি বিপৎসীমার

পরিমাপ করেন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সন্ধ্যা ৬টায় পাওয়া প্রতিবেদনে ১২টি পয়েন্টে পানির প্রবাহ বিপৎসীমার ওপর দিয়ে প্রবাহিত হয়েছে। বরিশাল নগরী ঘেষা কীর্তণখোলার বিপৎসীমা হচ্ছে ২ দশমিক ১ সেন্টিমিটার। সন্ধ্যা ৬টায় এ নদীতে প্রবাহ ছিল ২ দশমিক ৬ সেন্টিমিটারের ওপরে। সবচেয়ে বিপজ্জনক নদী মেঘনার দৌলতখান ও তজুমউদ্দিন উপজেলায় ২টি পয়েন্টের সবকটিতে পানির প্রবাহ বিপৎসীমা অতিক্রম করেছে। বিপৎসীমা অতিক্রম করা অন্য নদীগুলো হলো- ভোলার তেঁতুলিয়া, ঝালকাঠির সুগন্ধা ও বিষখালী, পিরোজপুরের বলেশ্বর, পাথরঘাটার বিষখালী ও পটুয়াখালীর মীর্জাগঞ্জের পায়রা। বরিশাল পানি উন্নয়ন বোর্ডের উপসহকারী প্রকৌশলী তাইজুল ইসলাম জানান, বুধবার রাতে অমাবস্যা শেষ হয়েছে। ফলে আগামী ২-৩ দিন নদ-নদীতে পানি আরো বৃদ্ধির সম্ভাবনা রয়েছে।

কাউখালীতে বিএনপি কার্যালয়ে হামলা

পুলিশ। কাউখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আনোয়ার হোসেন জানান, সুনির্দিষ্ট আইনি প্রক্রিয়ার অংশ হিসেবে তাকে গ্রেপ্তার করা হয়েছে এবং প্রাথমিক আইনি আনুষ্ঠানিকতা শেষে আদালতে সোপর্দ করা হয়েছে। মামলা সূত্রে জানা যায়, ২০২৪ সালের ৪ আগস্ট কাউখালী উপজেলা বিএনপির দলীয় কার্যালয় ভাঙচুর ও অগ্নিসংযোগের ঘটনা ঘটে। ওই বছরের ১৩ অক্টোবর উপজেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি সোহেল মাহমুদ বাদী হয়ে কাউখালী থানায় সাবেক উপজেলা চেয়ারম্যানসহ ৪১ জনের নাম উল্লেখ এবং অজ্ঞাতনামা আরও ৫০ জনকে আসামি করে মামলাটি করেন।

উলানিয়া লঞ্চঘাটে বাড়তি ফি নেয়ায়

আপনি ঘাট থেকে কর্তৃপক্ষের অনুমোদিত রেট চার্ট (মূল্যতালিকা) অনুযায়ী নির্ধারিত (যাত্রী প্রবেশ ফি, নৌযানের বার্দিং চার্জ) শুল্ক প্রাপ্য হবেন। কিন্তু আপনার প্রতিনিধি কর্তৃক এমভি কর্ণফুলি ১১ লঞ্চ থেকে বিধিবহির্ভূতভাবে অতিরিক্ত বার্দিং চার্জ দাবি করেছে এবং উক্ত বার্দিং চার্জ প্রদানে অসম্মতি জানালে লঞ্চটি দীর্ঘক্ষণ আটকে রেখে যাত্রী দুর্ভোগ সৃষ্টি করেছে। উক্ত কার্যকলাপ ইজারার শর্তাবলি ভঙ্গের শামিল এবং চরম শৃঙ্খলা ভঙ্গজনিত অপরাধ। নৌ পরিবহন প্রতিমন্ত্রীর নির্বাচনী এলাকায় আপনার এমন কার্যকলাপের জন্য সরকারের ভাবমূর্তি মারাত্মকভাবে ক্ষুণ্ন হওয়াসহ কর্তৃপক্ষের সুনাম চরমভাবে বিনষ্ট হয়েছে। এমতাবস্থায় মেহেন্দীগঞ্জের কালীগঞ্জ লঞ্চঘাটে সরকার নির্ধারিত বার্দিং চার্জ ব্যতীত অতিরিক্ত চার্জ দাবি করা হলে আপনার জমা করা আর্নেস্টমানি (জামানতের টাকা) বাজেয়াপ্ত করাসহ ইজারা বাতিল করা হবে। বরিশালের উলানিয়া লঞ্চঘাট: লঞ্চ ভেড়ানোর ফি একলাফে দ্বিগুণ, ফোকবরিশালের উলানিয়া লঞ্চঘাট: লঞ্চ ভেড়ানোর ফি একলাফে দ্বিগুণ, ফোভ এ বিষয়ে বরিশাল নৌবন্দর কর্মকর্তা আসাদুজ্জামান বলেন, আমরা সতর্ক বার্তার পাশাপাশি কালীগঞ্জ লঞ্চঘাটের সমস্যা সমাধানের চেষ্টা করছি। প্রসঙ্গত, বরিশালের মেঘনা নদী তীরের উলানিয়ার কালীগঞ্জ লঞ্চঘাটে বার্দিং ফি প্রায় দ্বিগুণ করে ইজারাদার।

র‍্যাগিংয়ে পবিপ্রবি শিক্ষার্থী

হয়েছে, ঘটনার প্রকৃত কারণ উদঘাটন, দায়ীদের শনাক্ত এবং ভবিষ্যতে এ ধরনের ঘটনা প্রতিরোধে সুপারিশ দিতে পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। কমিটিকে তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। কমিটিতে হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্ট ও সংশ্লিষ্ট বিভাগের শিক্ষকদের রাখা হয়েছে। তারা ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় তদন্ত করে প্রশাসনের কাছে প্রতিবেদন দেবেন। এ ঘটনায় শিক্ষার্থীদের মধ্যে উদ্বেগ দেখা দিয়েছে। ক্যাম্পাসে র‍্যাগিং সম্পূর্ণ বন্ধে প্রশাসনের কঠোর পদক্ষেপ দাবি করেছেন শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক মোহাম্মদ জামাল হোসেন বলেন, তদন্তে অভিযোগ প্রমাণিত হলে জড়িতদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।

৩২ বছর পর হারিয়ে যাওয়া

১৯৯০ সালের দিকে বরগুনা ছেড়ে ঢাকা চলে যান। সেখানে গিয়ে মিরপুর ২ নম্বরের বড়বাগ নামক এলাকার একটি বাড়িতে বসবাস শুরু করেন তারা। ওই সময় তমিজ উদ্দিন ঢাকায় দিনমজুরির কাজ করে সংসার পরিচালনা করতেন। পরবর্তীতে ১৯৯৪ সালে যে কোনো একদিন বিকেলে ঘর থেকে বের হয়ে মেয়ে আছিয়া নিখোঁজ হন। পরে পরিবারের সদস্যরা বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করলেও আছিয়ার আর কোনো সন্ধান পাওয়া যায়নি। নিখোঁজ মেয়ে আছিয়ার কোনো সন্ধান না পেয়ে স্ত্রীসহ বাকি ৬ সন্তানদের নিয়ে আবারও বরগুনায় ফিরে আসেন তমিজ উদ্দিন। হারানো মেয়ের শোক নিয়েই তিনি পাঁচ মেয়েকে বিয়ে দিয়েছেন। ছেলেও বিয়ে করে সংসার শুরু করেছেন। এছাড়া গত তিন বছর আগে আছিয়াকে হারানোর শোক নিয়ে মারা যান মা রাহেলা। তবে দীর্ঘ ৩২ বছর পর সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টের মাধ্যমে পাকিস্তানে সন্ধান মিলেছে নিখোঁজ মেয়ে আছিয়ার। এরপর থেকেই মেয়ের সঙ্গে প্রতিদিন মোবাইল ফোনে কথা হয় ৯৫ বছর বয়সী বাবা তমিজ উদ্দিনের। তবে দীর্ঘ বছর পর মোবাইল ফোনে মেয়ের মুখ দেখামাত্র কণ্ঠ শুনতে পেলেও মেয়েকে কাছে পেতে হাউমাউ করে কেঁদে ওঠেন তিনি। পাকিস্তান থেকে আছিয়াও এখন ফিরতে চান বাবার কাছে। সরেজমিনে বরগুনা সদর উপজেলার এম বালিয়াতলী ইউনিয়নের চারাভাঙা নামক এলাকায় তমিজ উদ্দিনের বাড়িতে ঘুরে দেখা যায়, জীর্ণশীর্ণ একটি টিনের ঘরে বসবাস করছেন তিনি। বয়সের ভারে প্রায় অচল অবস্থায় তার এখন বেশিরভাগ সময়ই কাটে বিছানায়। তবে হারিয়ে যাওয়া মেয়ের সন্ধান পাওয়ায় এখন নিয়মিত মোবাইল ফোনে ভিডিও কলে কথা হয় মেয়ের সঙ্গে। আর ভিডিও কল এলেই তমিজ উদ্দিনের চোখেমুখে ফুটে ওঠে আনন্দ। কখনো মৃদু হাসেন, কখনো চোখের পানি মুছতে মুছতে কান্না করেন তিনি। জীবনের শেষ বয়সে এসে মৃত্যুর আগে এখন শুধু মেয়েকে কাছে পেতে চান বৃদ্ধ তমিজ উদ্দিন। অপরদিকে আছিয়াও ফিরতে চান বাবার কাছে। তবে পাসপোর্ট, ভিসা ও প্রশাসনিক জটিলতায় তাদের এ আশা পূরণ আটকে আছে বলে জানিয়েছেন আছিয়ার স্বজনরা। হারিয়ে যাওয়ার বিষয়ে জানতে মোবাইল ফোনের মাধ্যমে ভিডিও কলে কথা হয় পাকিস্তান থাকা আছিয়ার সঙ্গে। তিনি জানান, একটি চক্র তাকে ঢাকার সদরঘাট এলাকা থেকে প্রলোভন দেখিয়ে প্রথমে ভারতে নিয়ে যায়। পরে সেখানে কিছুদিন রেখে পাকিস্তানের মোজাফফর নগরে পাঠানো হয়। এরপর সেখানে ৪০ হাজার রুপির বিনিময়ে একজনের কাছে বিক্রি করে দেওয়া হয়। পরবর্তীতে পাকিস্তানের এক নাগরিকের সঙ্গে বিয়ে হয় আছিয়ার। বর্তমানে সেখানে তার ৬ মেয়ে ও ১ ছেলে সন্তান রয়েছে। তবে এতবছর আগে স্বামীর মৃত্যুর পর সন্তানদের নিয়ে অনেক কষ্টে দিন কাটাচ্ছেন তিনি। বাংলাদেশে থাকা বাবার কথা মনে পড়লেও তিনি নিজের পরিচয় এবং বাংলাদেশের থাকা বাবার নাম ও ঠিকানা জানিয়ে ফেসবুকে একটি পোস্ট করেন। পরে ওই পোস্টটি নজরে আসে স্থানীয় রিয়াজ উদ্দিন খান নামে একজনের নজরে আসলে সন্ধান মেলে আছিয়ার বাবা ও স্বজনদের। এর পর ২০ জুলাই থেকে বাবার সঙ্গে নিয়মিত কথা শুরু হয় পাচারের শিকার হয়ে নিখোঁজ থাকা আছিয়ার। আছিয়া আরও বলেন, পরিবারের সন্ধান পাওয়ার পর এখন তিনি দেশে ফিরতে চান। আর সবার সহযোগিতা বিশেষ করে সরকারি সহযোগিতা পেলে দ্রুতই দেশে ফিরতে পারবেন বলেও জানান আছিয়া। প্রতিবেশী রিয়াজ উদ্দিন খান বলেন, নিখোঁজ থাকা আছিয়া আমার দূরসম্পর্কে ফুফু হয়। ফেসবুকে খোঁজ নামক একটি পেজে তার একটি পোস্ট আমার নজরে আসে। ওই পোস্ট দেখে, দেখি উল্লেখ করা সকল স্বজনরাই আমার পরিচিত। এর পর মোবাইলে যোগাযোগ করে ছবি আদান প্রদানের মাধ্যমে তাদের উভয় পক্ষের পরিচয় নিশ্চিত হয় এখন প্রতিদিনই তাদের সঙ্গে কথা হয়। তবে তিনি বাংলাদেশে ফিরে আসতে চাইলে কিছু একটা জটিলতার কারণে ফিরতে পারছেন না। আমরা চাই সরকার তাকে ফিরিয়ে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুক। আছিয়ার ভাই মোস্তফা বলেন, আমার বোনের বয়স যখন ১৬-১৭ বছর তখন বাড়ি থেকে বের হয়ে নিখোঁজ হয়। আমরা বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করেও তাকে পাইনি। না পেয়ে এক সময় ধরেই নিয়েছিলাম, সে হয়তো আর বেঁচে নেই। কিন্তু এখন পাকিস্তানে বোনের খোঁজ মিলেছে। বোনকে ফেরত পেতে আমাদের সরকারের সহযোগিতা প্রয়োজন। দীর্ঘ ৩২ বছর পর হারিয়ে যাওয়া মেয়েকে খুঁজে পেয়ে বৃদ্ধ বাবা তমিজ উদ্দিন ভাঙা ভাঙা কণ্ঠে বলেন, হারিয়ে যাওয়ার পর আছিয়াকে কোথাও খুঁজে পাইনি। ৩২ বছর পর মোবাইলে মেয়েকে দেখতে পেয়েছি। মৃত্যু আগে একবার হলেও মেয়েকে কাছে পেতে চাই। সরকারের কাছে আবেদন জানাই যাতে আছিয়াকে ফিরিয়ে আনার ব্যবস্থা করা হয়। এ বিষয়ে বরগুনার জেলা প্রশাসক তাছলিমা আক্তার বলেন, আছিয়ার ফিরে আসার জন্য দুটি প্রক্রিয়া রয়েছে। এর মধ্যে তার যদি বাংলাদেশে জন্ম নিবন্ধন অথবা নাগরিকত্ব সনদ থাকে তা নিয়ে পাকিস্তানের হাইকমিশনে গিয়ে প্রমাণ করতে পারলে একটি ট্রাভেল পাস পেতে পারেন। তবে যেহেতু ৩২ বছর ধরে পাকিস্তানে রয়েছেন তার যদি জন্ম নিবন্ধন অথবা নাগরিকত্ব সনদ না থাকে, সেক্ষেত্রে বাংলাদেশের থাকা স্বজনরা জেলা প্রশাসককে মাধ্যম করে পররাষ্ট্র মন্ত্রণালয় বরাবর একটি আবেদন করতে পারেন। সে অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিদ্যমান যে নীতি রয়েছে, সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করবেন।

রিফাতের পরিবারকে ক্ষতিপূরণ, শিফাতের

হন। বর্তমানে ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন শিফাতের উন্নত চিকিৎসায় বিপুল অর্থের প্রয়োজন হলেও সেই ব্যয় বহন করা পরিবারের পক্ষে কঠিন হয়ে পড়েছে। দুর্ঘটনার পর নিহত রিফাতের পরিবারকে ক্ষতিপূরণ, আহত শিফাতের চিকিৎসার দায়িত্ব নেওয়া, বেপরোয়া যান চলাচল বন্ধ এবং নিরাপদ সড়ক নিশ্চিত করাসহ বিভিন্ন দাবিতে শিক্ষার্থী ও এলাকাবাসী আন্দোলনে নামেন। বৃহস্পতিবার দুপুরে তাঁরা বাকেরগঞ্জ সরকারি কলেজের সামনে মহাসড়কে অবস্থান নিয়ে বিক্ষোভ মিছিল করেন। পরে মহাসড়ক অবরোধ করে তাঁদের দাবির পক্ষে স্লোগান দেন। আন্দোলনকারীরা বলেন, সড়ক দুর্ঘটনায় একটি পরিবার আপনজন হারিয়েছে, আরেকটি পরিবার এখন গুরুতর আহত স্বজনের চিকিৎসা নিয়ে চরম অনিশ্চয়তায় রয়েছে। দুর্ঘটনার পর শুধু আশ্বাস নয়, নিহতের পরিবারকে ক্ষতিপূরণ এবং আহত শিফাতের উন্নত চিকিৎসার জন্য দ্রুত কার্যকর পদক্ষেপ চান তাঁরা। অবরোধের কারণে বরিশাল-কুয়াকাটা মহাসড়কের দুই পাশে দীর্ঘ যানজটের সৃষ্টি হয়। স্থানীয়রা জানান, প্রায় এক ঘণ্টা ধরে যান চলাচল ব্যাহত হওয়ায় মহাসড়কের দুই পাশে প্রায় দুই কিলোমিটার এলাকায় যানবাহনের সারি তৈরি হয়। খবর পেয়ে বাকেরগঞ্জের সহকারী কমিশনার (ভূমি) তন্ময় হালদার ঘটনাস্থলে যান। তিনি আন্দোলনকারীদের সঙ্গে কথা বলেন এবং তাঁদের দাবিগুলো সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে পৌঁছে দেওয়া ও প্রয়োজনীয় সহযোগিতার আশ্বাস দেন। পরে আন্দোলনকারীরা ২৪ ঘণ্টার সময়সীমা বেঁধে দিয়ে অবরোধ তুলে নেন।

ফ্যামিলি কার্ড শুমারির নিয়োগ: চরফ্যাশন

তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগের পরিক্ষার রেজাল্ট প্রকাশ করেন সমাজসেবা কর্মকর্তা মামুন হোসেন। তবে অভিযোগ উঠেছে, শুরু থেকেই সরকারি নীতিমালা তোয়াক্কা না করে ব্যাকডেটেড উপায়ে পছন্দের প্রার্থীদের সুবিধা দেয়ার চেষ্টা করেছেন এ কর্মকর্তা। নিয়োগ বোর্ড গঠনের পূর্ব থেকেই নিষিদ্ধ ঘোষিত আওয়ামী লীগ নেতা কর্মীদের সাথে আতাত করে তাদের নেতাকর্মীদের অন্তর্ভুক্ত করার পায়তারা করেন এ কর্মকর্তা। সমাজ সেবা কর্মকর্তাকে নিষিদ্ধ ঘোষিত সংগঠনের যারা নিয়োগ প্রত্যাশী তাদের নাম তালিকা করে এই কর্মকর্তা ও প্রশাসকেও অবহিত করা হয়। তাদেরকে অবহিত করার পরও শেষমেষ তাদের অনেকের নাম প্রকাশ করেন তিনি। তাদেরকে অবহিতের পরও নাম প্রকাশ করায় ক্ষোভে ফেটে পরেন নিয়োগ প্রত্যাশীরা। কম্পিউটার চালনায় ন্যূনতম জ্ঞান নেই এবং ভাইভাতে অত্যন্ত দুর্বল পারফর্ম করা সত্ত্বেও নির্দিষ্ট কিছু প্রার্থীকে চূড়ান্ত তালিকায় রাখার জন্য জোর লবিং করেন। মেধা ও যোগ্যতাকে মূল্যায়ন না করে স্থানীয় রাজনৈতিক প্রভাব এবং সমাজসেবা কর্মকর্তার নিজস্ব আত্মীয় স্বজন ও পরিচিতদের নিয়োগ দেয়ার জন্য গোপনে তালিকা প্রস্তুত করেন তিনি। পরীক্ষার নম্বর এবং মূল্যায়নের ক্ষেত্রে কোনো ধরণের স্বচ্ছতা রাখা হয়নি বলে দাবি করেছেন পরীক্ষা দেয়া একাধিক সাধারণ প্রার্থী। নিয়োগ বঞ্চিত কয়েকজন তরুণ অভিযোগ করে জানান, "যেখানে তথ্য সংগ্রহের পুরো কাজটি ডিজিটাল ট্যাবের মাধ্যমে এবং অনলাইনে করতে হবে, সেখানে ট্যাব ব্যবহার করতে পারে না এমন অযোগ্য ব্যক্তিদের নিয়োগ দেয়া হয়েছে। সমাজসেবা কর্মকর্তা আর্থিক লেনদেন ও দলীয় প্রভাবের কাছে নতি স্বীকার করে প্রকৃত যোগ্যদের বাদ দেয়া হয়েছে বলেও অভিযোগ কারিরা জানান।" স্থানীয় শাহাদাত হোসেন সুজন বলেন, এখানে নিষিদ্ধ সংগঠনের লোকদের নিয়োগ দেয়া হয়েছে। এভাবে চললে সরকারের এ সামাজিক উন্নয়নে সুনাম ক্ষুন্ন হবে। এদিকে স্থানীয় সচেতন মহল ও চাকরিপ্রত্যাশীরা এই নিযগে প্রক্রিয়া অনতিবিলম্বে স্থগিত করে জেলা প্রশাসনের প্রত্যক্ষ তত্তাবধানে পুনরায় যাচাই-বাছাইয়ের দাবি জানিয়েছেন। অন্যথায়, চরফ্যাশনে কঠোর আন্দোলনের হুঁশিয়ারি দিয়েছন বঞ্চিত প্রার্থীরা। স্থানীয় জাহাঙ্গীর আলম তদন্তের দাবি জানিয়ে বলেন, বিএনপির গুরুত্বপূর্ণ ফ্যামিলি কার্ড কর্মসূচির শুমারী তালিকায় নিষিদ্ধ সংগঠনের নেতাকর্মীদের তালিকাভুক্ত করা হয়েছে। তালিকা প্রণয়নে জড়িতদের বিরুদ্ধে তদন্ত করে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য প্রশাসনের প্রতি দাবি করেন তিনি। সোহাগ হোসেন নামের একজন শুমারী পরিক্ষায় অংশগ্রহণকারী নিষিদ্ধ সংগঠনের নেতাকর্মীদের তালিকাভুক্ত করায় স্থানীয় উপজেলা বিএনপি নেতাকর্মীদের ধন্যবাদ জানিয়ে ক্ষোভ প্রকাশ করেন। সাইফুল ইসলাম রুবেল বলেন,আমি পূর্বেও অন্যান্য শুমারী কার্জক্রম ও বেসরকারি উন্নয়ন সংস্থায় বাড়ি বাড়ি গিয়ে কাজ করার অভিজ্ঞতা ও ডিগ্রি পাসের অভিজ্ঞতা রয়েছে। আমি পরিক্ষায় অংশ নিয়েও দলীয় প্রভাবে লোকবল নেয়ায় তালিকায় আমার নাম নেই। অভিযোগের বিষয়ে জানতে উপজেলা সমাজসেবা কর্মকর্তার সাথে যোগাযোগ করা হলে তিনি অনিয়মের বিষয়টি সম্পূর্ণ অস্বীকার করেন। তিনি দাবি করেন, "নিয়োগের পুরো প্রক্রিয়াটি বিধি মোতাবেক এবং বোর্ডের মাধ্যমে স্বচ্ছভাবে সম্পন্ন করা হয়েছে। এখানে কোনো ধরণের স্বজনপ্রীতি বা রাজনৈতিক প্রভাবের সুযোগ নেই।"

ইসরায়েলি কারাগারে আটক

সংস্থা আনাদোলু এজেন্সির। বুধবার, ১২ আগস্ট পালিত আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে তিনি এসব কথা বলেন। বিশ্বের তরুণদের বিভিন্ন সমস্যা এবং সমাজ গঠনে তাদের ভূমিকা তুলে ধরতেই প্রতিবছর দিবসটি পালন করা হয়। আবু আল-হুমুস বলেন, ইসরায়েলি কারাগারে ১৮ থেকে ৪০ বছর বয়সী তরুণ পুরুষ বন্দির সংখ্যা ৪ হাজার ৭১৩ জন। অন্যদিকে, তরুণ নারী বন্দির সংখ্যা ৫৬ জন। তিনি জানান, ২০২৩ সালের অক্টোবর থেকে ইসরায়েলি কারাগারে নিহত ৯১ জন ফিলিস্তিনি বন্দির মধ্যে ৪১ জনই তরুণ। তিনি আরও বলেন, 'তাদের মধ্যে ৪০ জনের মরদেহ এখনো ইসরায়েলি কর্তৃপক্ষের কাছে আটকে আছে। বিভিন্ন বয়সী বন্দিদের আরও কয়েক ডজন মরদেহও তাদের কাছে রয়েছে।' হুমুস অভিযোগ করেন, ২০২৩ সালের ৭ অক্টোবর গাজায় যুক্তরাষ্ট্রের সমর্থনে যুদ্ধ শুরু করার পর থেকে ফিলিস্তিনি বন্দিদের বিরুদ্ধে ইসরায়েল নিপীড়ন ও লঙ্ঘনের মাত্রা আরও বাড়িয়েছে। তিনি বলেন, 'বিশ্বের অন্যান্য তরুণদের মতো সব ধরনের বিপদ ও হুমকি থেকে মুক্ত একটি উজ্জ্বল ভবিষ্যতের স্বপ্ন দেখা এবং তার পরিকল্পনা করার অধিকার প্রত্যেক ফিলিস্তিনি তরুণের রয়েছে। কিন্তু দখলদারিত্ব তাদের এবং পুরো ফিলিস্তিনি জনগণের ওপর যেসব বিপদ ও হুমকি চাপিয়ে দিয়েছে, সেগুলো থেকে তাদের মুক্তি দিতে হবে।' তিনি বলেন, 'জীবন, স্বাধীনতা, কাজ ও চলাচলের অধিকার আন্তর্জাতিক রীতি ও চুক্তির মাধ্যমে নিশ্চিত করা হয়েছে। আমাদের তরুণদের জীবনেও এসব অধিকার বাস্তবায়িত হতে হবে।' তিনি আরও বলেন, 'ফিলিস্তিনি তরুণরা ফিলিস্তিনি জনগণের সংগ্রামের মেরুদণ্ড এবং দখলদারিত্ব, অবিচার ও নিপীড়ন থেকে মুক্তির প্রকৃত যোদ্ধা।' তাঁর ভাষায়, 'স্বাধীনতা ও মুক্তির তাদের আশা ও স্বপ্ন পূরণ না হওয়া পর্যন্ত এবং নিরাপত্তা ও স্থিতিশীলতার মধ্যে একটি স্বাভাবিক জীবন অর্জন না করা পর্যন্ত তারা এ ভূমিকা পালন করে যাবে।' তিনি আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলোর প্রতি, বিশেষ করে তরুণদের নিয়ে কাজ করা সংগঠনগুলোর প্রতি আহ্বান জানান, যেন তারা ফিলিস্তিনি তরুণদের লক্ষ্যবস্তু বানানোর বিষয়টি প্রত্যাখ্যান করে এবং ইসরায়েলি দখলদারিত্বের আরোপিত বিধিনিষেধমুক্ত জীবনযাপনের অধিকার প্রতিষ্ঠায় সোচ্চার হয়। ফিলিস্তিনি ও ইসরায়েলি মানবাধিকার সংগঠনগুলোর তথ্য অনুযায়ী, ইসরায়েলি কারাগারগুলোতে বর্তমানে ৯ হাজার ৪০০-এর বেশি ফিলিস্তিনি বন্দি রয়েছেন। তাদের মধ্যে ৯২ জন নারী এবং ৩৭০-এর বেশি শিশু। এসব বন্দি নির্যাতন, অনাহার ও চিকিৎসাবঞ্চনার শিকার হচ্ছেন বলে অভিযোগ রয়েছে। এর ফলে কয়েক ডজন বন্দির মৃত্যু হয়েছে। ১৯৪৮ সালে সশস্ত্র জায়নবাদী গোষ্ঠীগুলোর দখল করা ভূখণ্ডে ইসরায়েল প্রতিষ্ঠিত হয়। এসব গোষ্ঠী বিভিন্ন হত্যাকাণ্ড চালিয়ে অন্তত ৭ লাখ ৫০ হাজার ফিলিস্তিনিকে বাস্তুচ্যুত করেছিল। পরবর্তীতে তেল আবিব ফিলিস্তিনি ভূখণ্ডের বাকি অংশও দখল করে নেয় এবং জাতিসংঘের বিভিন্ন প্রস্তাব অনুযায়ী সেখান থেকে প্রত্যাহার কিংবা একটি ফিলিস্তিনি রাষ্ট্র প্রতিষ্ঠার অনুমতি দিতে অস্বীকৃতি জানিয়ে আসছে।

ওমান উপকূলে ছড়িয়ে পড়েছে

কর্তৃপক্ষ। পরিবেশ কর্তৃপক্ষ বুধবার জানায়, গত জুনে ওমানের উপকূলের কাছে 'ক্যারোলিন বেজেঙ্গি' নামের ট্যাংকারটি থেকে বের হওয়া তেল রাস মাদরাকাহ এলাকার সৈকতে পৌঁছেছে। এতে প্রায় ৪০ কিলোমিটার উপকূল ক্ষতিগ্রস্ত হয়েছে। এ ছাড়া, আগামী কয়েক ঘণ্টার মধ্যে ওমানের উপকূল থেকে প্রায় ১৫ কিলোমিটার দূরে অবস্থিত মাসিরাহ দ্বীপের দক্ষিণ উপকূলেও তেল পৌঁছাতে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। এতে ওই এলাকার ১০ থেকে ২০ কিলোমিটার উপকূল ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। এক বিবৃতিতে ওমানের পরিবেশ কর্তৃপক্ষ জানায়, দূষণ পর্যবেক্ষণ, পরিস্থিতি নিয়ন্ত্রণ এবং ক্ষয়ক্ষতি কমাতে বিশেষজ্ঞ দলগুলো কাজ করছে। পরিবেশগতভাবে সংবেদনশীল এলাকাগুলোকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হচ্ছে। ওমানের কর্তৃপক্ষ চলতি সপ্তাহের শুরুতে জানিয়েছিল, সমুদ্রে ছড়িয়ে পড়া তেলের স্তর প্রায় ৪০০ বর্গকিলোমিটার এলাকায় বিস্তৃত হয়েছে। এর বড় অংশ হালানিয়াত দ্বীপপুঞ্জের আশপাশে কেন্দ্রীভূত রয়েছে। হালানিয়াত দ্বীপপুঞ্জে সামুদ্রিক কচ্ছপসহ বিভিন্ন জলজ প্রাণীর আবাসস্থল সংরক্ষণের জন্য গত বছর একটি সামুদ্রিক সংরক্ষণ এলাকা প্রতিষ্ঠা করা হয়। তবে গ্রিনপিসসহ পরিবেশবাদী সংগঠনগুলোর দাবি, ওমানের কর্তৃপক্ষ যে পরিমাণ তেল ছড়িয়ে পড়ার কথা জানিয়েছে, প্রকৃত দূষণের পরিমাণ তার চেয়ে অনেক বেশি। 'ক্যারোলিন বেজেঙ্গি' গত ৮ জুন থেকে ওমানের আল হালানিয়াত দ্বীপপুঞ্জের কাছে অচল অবস্থায় রয়েছে। ওই সময় জাহাজটির নাবিকেরা একটি বিস্ফোরণের আশঙ্কার কথা জানিয়েছিলেন। তবে দুর্ঘটনার প্রকৃত কারণ এখনো জানা যায়নি। পশ্চিমা দেশগুলোর সরকারগুলো জানিয়েছে, ক্যামেরুনের পতাকায় সর্বশেষ চলাচল করা এই জাহাজটি রাশিয়ার 'শ্যাডো ফ্লিট'-এর অংশ। ইউক্রেনে ২০২২ সালে রাশিয়ার সামরিক অভিযান শুরুর পর দেশটির তেল পরিবহনের ওপর ব্যাপক নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। ২০০১ সালে নির্মিত ট্যাংকারটি বর্তমানে ইউরোপীয় ইউনিয়ন, যুক্তরাজ্য, সুইজারল্যান্ড, কানাডা ও ইউক্রেনের নিষেধাজ্ঞার তালিকায় রয়েছে। ওপেন সোর্স ডাটাবেস ওপেনস্যাংশনসের তথ্য অনুযায়ী, চীনে অবস্থিত রেন্টুর শিপম্যানেজমেন্ট জাহাজটির মালিক এবং ভিলার শিপম্যানেজমেন্ট এর পরিচালনাকারী প্রতিষ্ঠান হিসেবে নিবন্ধিত। তেল ছড়িয়ে পড়ায় ওমানের উপকূল ও সামুদ্রিক পরিবেশের ওপর ব্যাপক প্রভাব পড়তে পারে বলে উদ্বেগ প্রকাশ করেছে পরিবেশবাদী সংগঠনগুলো। গত সপ্তাহে গ্রিনপিস সতর্ক করে বলেছিল, দ্রুত তেল ছড়িয়ে পড়া নিয়ন্ত্রণ করা না গেলে এটি 'নজিরবিহীন তেল বিপর্যয়ে' পরিণত হতে পারে। যুক্তরাষ্ট্রের লুইজিয়ানা স্টেট ইউনিভার্সিটির তেল ছড়িয়ে পড়া বিষয়ক বিশেষজ্ঞ ও ইমেরিটাস অধ্যাপক ক্রিস্টোফার ডি'এলিয়া বলেন, 'ক্যারোলিন বেজেঙ্গি'তে থাকা আনুমানিক ৮ লাখ ব্যারেল অপরিশোধিত তেল একটি বড় ধরনের বিপর্যয় তৈরি করতে পারে। আল-জাজিরাকে তিনি বলেন, এই তেল ছড়িয়ে পড়ার ঘটনায় অনেক গুরুত্বপূর্ণ প্রশ্ন সামনে এসেছে। ডি'এলিয়ার মতে, এ ধরনের নিষেধাজ্ঞার আওতায় থাকা জাহাজগুলো যুক্তরাষ্ট্র ও অন্যান্য উন্নত দেশে তেল দূষণ নিয়ন্ত্রণে প্রচলিত 'দূষণকারীই ক্ষতিপূরণ দেবে' নীতি মেনে চলে না। তিনি বলেন, যুক্তরাষ্ট্রে সাধারণত যে পক্ষের কারণে দূষণ ঘটে, সেই পক্ষকেই পরিষ্কার-পরিচ্ছন্নতার খরচ বহন করতে হয়। কিন্তু এই ঘটনায় দায়ী পক্ষ নির্ধারণ করাই কঠিন হয়ে পড়েছে।

মেহেন্দিগঞ্জে শিক্ষার্থীদের মাঝে

শিক্ষার্থীদের পারিবারিক জীবনে সত্য কথা বলা ও সততা চর্চার পাশাপাশি প্রাতিষ্ঠানিক শিক্ষায় শিক্ষা প্রতিষ্ঠান থেকে জ্ঞান, দক্ষতা, ইতিবাচক দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ অর্জনের জ্ঞান থাকতে হবে। দৈনন্দিন জীবনে সততা চর্চায় নিজের ব্যক্তিত্বের প্রকাশ,নিজেকে সমাজতান্ত্রিক ভাবে প্রতিষ্ঠা করা এবং জীবিকা অর্জনের পাশাপাশি জাতি ও রাষ্ট্রের কল্যাণে তোমারদের নিজেকে উৎসর্গ করতে হবে। উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির জনাব, সেলিম জমদ্দার সভাপতি, মোঃ মোস্তাফিজুর রহমান সাধারণ সম্পাদক, মোঃ আনিসুর রহমান সদস্য সহ অনেকেই।

খাল খনন শেষে সাড়ে ৩৭ লাখ টাকা

হলদিয়া ইউনিয়নের পশুরবুনিয়া খালের ২ কিলোমিটার খননের জন্য ৫১ লাখ ৫৩ হাজার ৯৯৫ টাকা বরাদ্দ দেওয়া হয়। দুই প্রকল্পে মোট ৩৯৭ জন অতিদরিদ্র উপকারভোগী খননকাজে অংশ নেন। প্রকল্প দুটির বাস্তবায়ন ও খননকাজের সার্বিক তদারকি করেন ইউএনও মুহাম্মাদ জাফর আরিফ চৌধুরী। নির্ধারিত কাজ শেষ হওয়ার পর অব্যবহৃত অর্থ সরকারি কোষাগারে ফেরত দেওয়া হয়। খাল খননের পাশাপাশি সৌন্দর্যবর্ধন ও পরিবেশের ভারসাম্য রক্ষায় খালের দুই পাড়ে বিভিন্ন প্রজাতির গাছও রোপণ করা হয়েছে। ইউএনওর এমন উদ্যোগকে প্রশংসা করছে স্থানীয়রা। স্থানীয় বাসিন্দা ফখরুদ্দিন তহসিন মৃধা ও মো. রাশিমুল হক রিমন বলেন, "কাজ শেষে সরকারি কোষাগারে এত টাকা ফেরত দেওয়ার ঘটনা আমতলীতে বিরল। সরকারি কর্মকর্তা ও জনপ্রতিনিধিরা যদি এভাবে সততা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করেন, তাহলে সরকারি অর্থের অপচয় কমবে এবং দেশ দ্রুত এগিয়ে যাবে।" কেওয়াবুনিয়া খালের পাড়ের বাসিন্দা ও প্রকল্পের উপকারভোগী এইচএম কাওসার মাদবর ও রুবেল হাওলাদার বলেন, খালটি খননের ফলে এলাকার প্রায় ২০ হাজার কৃষক উপকৃত হবেন। শুকনো মৌসুমে সেচের পানির সংকটে রবি শস্য চাষে কৃষকদের যে সমস্যায় পড়তে হতো, খাল খননের ফলে তা অনেকটাই কমবে। খালের পানি ব্যবহার করে কৃষি উৎপাদন বাড়বে বলেও আশা করেন তারা। পাশাপাশি খালের দুই পাড়ে বৃক্ষরোপণের ফলে এলাকার সৌন্দর্যও বেড়েছে। আমতলী উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা রুনু বেগম বলেন, "উপজেলা নির্বাহী কর্মকর্তার দিকনির্দেশনা ও প্রকল্পের কার্যাদেশ অনুযায়ী খননকাজ সম্পন্ন করা হয়েছে। কাজ শেষে অব্যবহৃত অর্থ সরকারি কোষাগারে ফেরত দেওয়া হয়েছে।" ইউএনও মুহাম্মাদ জাফর আরিফ চৌধুরী বলেন, "খাল খনন সরকারের একটি গুরুত্বপূর্ণ উদ্যোগ। এ উদ্যোগ যথাযথভাবে বাস্তবায়নে আমরা সর্বোচ্চ চেষ্টা করেছি। খাল খননের পাশাপাশি সৌন্দর্যবর্ধনের জন্য দুই পাড়ে বিভিন্ন প্রজাতির বৃক্ষ রোপণ করা হয়েছে। কাজ শেষ করে ৩৭ লাখ ৫০ হাজার ৫৪০ টাকা সরকারি কোষাগারে ফেরত দেওয়া হয়েছে।" তিনি আরও বলেন, "এ ধরনের কাজের জন্য প্রধানমন্ত্রী তাকে এবং দেশের আরও ৮৩ জন উপজেলা নির্বাহী কর্মকর্তাকে প্রধানমন্ত্রীর কার্যালয়ে সৌজন্য সাক্ষাতের জন্য ডেকেছিলেন। সেখানে খাল খননের সুফল, সৌন্দর্যবর্ধন এবং উপজেলা উন্নয়নের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে। প্রধানমন্ত্রী উপজেলা পর্যায়ে উন্নয়ন কর্মকাণ্ড আরও গতিশীল করতে বিভিন্ন দিকনির্দেশনা দিয়েছেন।

গৃহবধূর ঘরে আপত্তিকর অবস্থায়

চড়-থাপ্পড় মেরে তাকে নিয়ে যান। গৃহবধূর শ্বশুর আমির হোসেন হাওলাদার বলেন, জামায়াত নেতা আতিক কিছুদিন আগে আমার পুত্রবধূর সঙ্গে সখ্য গড়ে তোলেন। বুধবার রাতে আমার চিৎকার শুনে পুত্রবধূর ঘর থেকে বের হয়ে কাঁপতে থাকেন আতিক। এরপর লুঙ্গি পরিবর্তন করে দ্রুত প্যান্ট পরেন। পরে প্রতিবেশীরা এসে তাদের আটক করেন। এ বিষয়ে জানতে অভিযুক্ত আতিকুল ইসলামের মোবাইলে কল দেওয়া হলে তা বন্ধ পাওয়া যায়। সূর্যমণি ইউনিয়নের গ্রাম পুলিশ ইউসুফ হাওলাদার বলেন, আতিক দলের কোন পদে আছেন তা জানি না। তবে তিনি জামায়াত করেন, এটা সঠিক। বুধবার রাতে আতিককে আপত্তিকর অবস্থায় আটক করেছে গ্রামবাসী। এ বিষয়ে উপজেলা জামায়াতের আমির মাওলানা রফিকুল ইসলাম বলেন, বিষয়টি আমাকে একজন অবহিত করেছেন। বিস্তারিত না জেনে কোনো কিছু বলতে পারছি না। বাউফল থানার ভারপ্রাপ্ত ওসি সিরাজুল ইসলাম বলেন, খবর পেয়ে রাতেই ঘটনাস্থলে পুলিশ পাঠাই। পুলিশ যাওয়ার আগেই বিষয়টি দফারফা হয়েছে। এখন অভিযোগ পেলে আইনি ব্যবস্থা নেওয়া হবে।

ভাণ্ডারিয়ায় মাসিক আইন-

উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. হাসিবুল হাসানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাকেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) উজ্জ্বল হালদার, ভাণ্ডারিয়া সরকারি কলেজের অধ্যক্ষ কৃষিবিদ প্রফেসর আমানুল্লাহ খান, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. ইব্রাহিম মোল্লা, প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. সুদেব সরকার, ভাণ্ডারিয়া থানার ওসি (তদন্ত) রত্নেশ্বর কুমার মন্ডল, কৃষি কর্মকর্তা মো. নজরুল ইসলাম , সমাজসেবা কর্মকর্তা মো. মতিউর রহমান ,মজিদা বেগম মহিলা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত অধ্যক্ষ এনায়েত করিম খোকন, আমান উল্লাহ কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সালমা আক্তার সম্পা, শাহাবুদ্দিন সিনিয়র কামিল মাদ্রাসার অধ্যক্ষ আব্দুর রহিম, ভাণ্ডারিয়া বন্দর বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবু নাসের, ভাণ্ডারিয়া বিহারীলাল মিত্র পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. মনিরুজ্জামান, ভাণ্ডারিয়া প্রেস ক্লাবের সভাপতি শফিকুল ইসলাম মিলন, ইত্তেফাকের সাংবাদিক শঙ্কর জীৎ সমাদ্দার এবং গৌরীপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ইউপি সদস্য আব্দুর রহমান প্রমূখ। সভায় উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা ও সামাজিক অপরাধ নিয়ন্ত্রণে প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, জনপ্রতিনিধি, অভিভাবক, শিক্ষাপ্রতিষ্ঠান ও সংশ্লিষ্ট সব দপ্তরসহ বিভিন্ন স্তরের নের্তৃবৃন্দকে সমন্বিতভাবে কাজ ঐক্যবদ্ধ ভাবে কাজ করার আহবান জানানো হয়।

অধ্যক্ষের পদ নিয়ে দুই ভাইয়ের দ্বন্দ্ব

হয়। এরপর কলেজের অধ্যক্ষের পদ নিয়ে দুই সহোদর বড় ভাই কামরুজ্জামান ও ছোট ভাই আসাদুজ্জামান টুলুর মধ্যে বিরোধ শুরু হয়। উভয়েই অধ্যক্ষের দায়িত্ব দাবি করে মামলা-মোকদ্দমায় জড়িয়ে পড়েন। দীর্ঘদিনের এ বিরোধ ও মামলা জটিলতার কারণে কলেজটির কার্যক্রম কার্যত বন্ধ হয়ে যায়। আসাদুজ্জামান টুলুর দাবি, তিনি কলেজ প্রতিষ্ঠার শুরু থেকেই অধ্যক্ষের দায়িত্ব পালন করে আসছিলেন। তার বড় ভাই কামরুজ্জামান তখন গ্র্যাজুয়েশন সম্পন্ন না থাকায় কম্পিউটার অপারেটর পদে চাকরিতে যোগ দেন। পরবর্তীতে তিনি মাস্টার্স পাসের সনদ দেখিয়ে অধ্যক্ষের পদ দাবি করেন বলে অভিযোগ করেন আসাদুজ্জামান। ওই সনদ জাল প্রমাণিত হওয়ায় তার ভাইকে জেল ও জরিমানা ভোগ করতে হয়েছে বলেও দাবি করেন তিনি। আসাদুজ্জামান জানান, দীর্ঘদিন মামলা পরিচালনার পর তিনি আদালতের রায় পেয়েছেন। এরপর এলাকাবাসী তাকে খবর দিয়ে প্রতিষ্ঠানটি পুনরায় চালুর উদ্যোগ নিতে বলেন। সেই অনুযায়ী বৃহস্পতিবার স্থানীয়দের সঙ্গে নিয়ে কলেজে প্রবেশ করেন তিনি। কলেজটির ভূমিদাতা পরিবারের সদস্য শরীফ মো. মাসুদ পারভেজ জানান, তার দাদা মরহুম আব্দুল হাকিম শরীফ কলেজ প্রতিষ্ঠার জন্য জমি দান করেছিলেন। বর্তমানে সেখানে একটি প্রাথমিক বিদ্যালয় চলমান থাকলেও কলেজ প্রতিষ্ঠার পর রাজনৈতিক বিরোধ এবং দুই ভাইয়ের অধ্যক্ষ পদ নিয়ে মামলা-মোকদ্দমার কারণে এর কার্যক্রম বন্ধ হয়ে যায়। একাধিকবার কলেজটি চালুর চেষ্টা করা হলেও তা সম্ভব হয়নি। ছোট ভাই আদালতের রায় পেয়েছেন এমন দাবি পাওয়ার পর কলেজটি চালুর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। কলেজটির ইংরেজি শিক্ষক সুশোভন তালুকদার বলেন, তিনি ২০০৭ থেকে ২০০৮ সাল পর্যন্ত ওই প্রতিষ্ঠানে ইংরেজি শিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেছেন। সে সময় ছোট ভাই আসাদুজ্জামান টুলু অধ্যক্ষের দায়িত্বে ছিলেন। তার ভাষ্য, বড় ভাই কামরুজ্জামানের মামলার বিপরীতে দুইবার আসাদুজ্জামানের পক্ষে আদালতের রায় হয়েছিল। তিনি প্রতিষ্ঠানটি পুনরায় চালুর দাবি জানান। অন্যদিকে, অভিযুক্ত শিক্ষক মো. কামরুজ্জামান বলেন, প্রতিষ্ঠানটি বন্ধ থাকলেও এখান থেকে প্রতিবছর শিক্ষার্থীরা পরীক্ষায় অংশ নিচ্ছেন। চলতি বছরও ২৭ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছেন। বিভিন্ন সমস্যার কারণে স্থানীয়রা কলেজটিতে তালা দিয়ে রেখেছিলেন। আদালতের রায়ের বিষয়ে জানতে চাইলে তিনি ফোনের সংযোগ বিচ্ছিন্ন করে দেন। স্থানীয় বাসিন্দা ও কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের শিল্প বিষয়ক সম্পাদক নুরুল আলম বিপ্লব বলেন, তৎকালীন বিএনপি সমর্থিত হুইপ সৈয়দ শহিদুল হক জামাল কলেজটির উদ্বোধন করায় পরবর্তী আওয়ামী লীগ সরকার আমলে প্রতিষ্ঠানটি স্বাভাবিকভাবে পরিচালিত হতে পারেনি বলে তিনি মনে করেন। পাশাপাশি দুই ভাইয়ের অধ্যক্ষ পদ নিয়ে মামলা-মোকদ্দমার কারণে কলেজটি দীর্ঘদিন বন্ধ ছিল। আদালতের রায়ের পর বৃহস্পতিবার পুনরায় কলেজ চালুর উদ্যোগ নেওয়া হয়েছে। দীর্ঘদিন বন্ধ থাকায় কলেজের অবকাঠামো, কম্পিউটার ও বিভিন্ন গুরুত্বপূর্ণ নথিপত্র ক্ষতিগ্রস্ত হয়েছে বলেও জানান তিনি। নেছারাবাদ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) অমিত দত্ত বলেন, 'কলেজটি চালুর জন্য একাধিকবার উদ্যোগ নেওয়া হলেও দুই ভাইয়ের মামলা জটিলতার কারণে তা সম্ভব হয়নি। দুই ভাই-ই অধ্যক্ষের দাবি করে আসছিলেন।' তবে আদালতের রায়ের বিষয়ে তিনি অবগত নন বলে জানান।

বৈরী আবহাওয়ার কবলে

নেই। জীবনের ঝুঁকি নিয়ে সাগরে অবস্থান করাও সম্ভব হচ্ছে না। ফলে ১০ থেকে ১৫ দিনের প্রস্তুতি নিয়ে ট্রলার নিয়ে সাগরে গেলেও মাত্র এক-দুই দিন মাছ ধরার পরই বৈরী আবহাওয়ার কারণে বাধ্য হয়ে ঘাটে ফিরে আসতে হচ্ছে। এতে একদিকে যেমন মাছের পরিমাণ কমছে, অন্যদিকে ট্রলার পরিচালনার বিপুল খরচও উঠছে না। জেলেদের ভাষ্য, ইলিশ মৌসুম শুরুর আগে দীর্ঘ ৬৫ দিনের নিষেধাজ্ঞা থাকায় তারা মাছ ধরতে পারেননি। নিষেধাজ্ঞা শেষে নতুন করে সাগরে নামার পর দফায় দফায় বৈরী আবহাওয়া তাদের পথে বাধা হয়ে দাঁড়িয়েছে। আশানুরূপ ইলিশ ও সামুদ্রিক মাছ না পাওয়ায় অনেকেই লোকসানে পড়েছেন। এতে উপকূলীয় মৎস্যনির্ভর জনপদে দেখা দিয়েছে হতাশা। কেউ কেউ পেশা পরিবর্তনের চিন্তা করছেন, আবার দাদনের দায়ে অনেকে বাধ্য হয়ে এ পেশায় টিকে আছেন। বৈরী আবহাওয়ার কারণে নিরাপত্তার কথা বিবেচনা করে শত শত মাছধরা ট্রলার সাগর থেকে ফিরে পটুয়াখালীর অন্যতম বৃহৎ মৎস্যবন্দর আলীপুর-মহিপুর ও খাপড়াভাঙ্গা নদীতে আশ্রয় নিয়েছে। আলীপুর মৎস্যবন্দরের দীর্ঘবছরের ব্যবসায়ী মিজানুর রহমান বলেন, নিষেধাজ্ঞা শেষে জেলেরা সাগরে যাওয়ার পর থেকেই দফায় দফায় আবহাওয়া খারাপ হচ্ছে। টানা বৃষ্টিপাত ও উত্তাল সাগরের কারণে ট্রলারগুলো বারবার ঘাটে ফিরে আসছে। প্রতিটি ট্রলারে লাখ লাখ টাকার বাজার-সদাই করে সাগরে পাঠাতে হয়। কখনো নিম্নচাপ, কখনো লঘুচাপ সব মিলিয়ে ট্রলার মালিকরা বড় ধরনের ক্ষতির মধ্যে রয়েছেন। আবহাওয়া সংশ্লিষ্টরা বলছেন, বঙ্গোপসাগরে সৃষ্ট লঘুচাপটি আপাতত নিম্নচাপ বা ঘূর্ণিঝড়ে রূপ নেওয়ার আশঙ্কা কম। তবে এর প্রভাবে উপকূলীয় এলাকায় বৃষ্টিপাত ও সাগর উত্তাল থাকার পরিস্থিতি অব্যাহত থাকতে পারে। বারবার বৈরী আবহাওয়ার কবলে পড়ে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন জেলেরা। সাগরে মাছ ধরতে না পারায় তাদের আয় বন্ধ হয়ে গেছে। অথচ ট্রলার, জ্বালানি, খাবার ও বাজার-সদাই বাবদ প্রতিবারই বড় অঙ্কের টাকা খরচ হচ্ছে। ফলে মাছ নিয়ে ঘাটে ফিরতে না পারলে ঋণ ও দাদনের বোঝা আরও বাড়ছে। এফবি মায়ের দোয়া ট্রলারের মাঝি আ. আজিজ বলেন, 'সম্প্রতি শেষ হওয়া নিষেধাজ্ঞার পর এখন পর্যন্ত লাভের মুখ দেখিনি। আমরা মাছ না পেলে আড়তদাররাও টাকা দিতে পারেন না। বাজার করে সাগরে নামার পর দু-একদিন মাছ ধরতেই আবহাওয়া খারাপ হয়ে যায়। কোনো উপায় না পেয়ে আবার ঘাটে ফিরে আসতে হয়। দুই দিন আগে ৭ লাখ টাকার বাজার নিয়ে সাগরে গিয়েছিলাম। ফিরে এসেছি মাত্র ১ লাখ ২০ হাজার টাকার মাছ নিয়ে।' আলীপুর আড়তদার মালিক সমিতির সাধারণ সম্পাদক আনিসুর রহমান মামুন বলেন, 'ইলিশের দাম চড়া থাকলেও বাজারে পর্যাপ্ত ইলিশের সরবরাহ নেই। বৈরী আবহাওয়ার কারণে জেলেরা সাগরে মাছ ধরতে পারছেন না। এতে জেলেদের পাশাপাশি আড়তদাররাও আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছেন।' কলাপাড়া উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা অপু সাহা বলেন, 'বৈরী আবহাওয়ার কারণে মাছধরা ট্রলারগুলো সকাল থেকেই ঘাটে ফিরতে শুরু করেছে। জলবায়ু পরিবর্তনের প্রভাবে সমুদ্র বারবার উত্তাল হয়ে পড়ছে। আবহাওয়া স্বাভাবিক হলে জেলেরা আবারও সাগরে মাছ ধরতে যেতে পারবেন।'

বাংলাদেশে মার্কিন বেসরকারি বিনিয়োগ

বলেন, বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যে বাণিজ্যিক সম্পর্ক আরও বৃদ্ধি পাবে। বৈঠকে অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী, পররাষ্ট্রমন্ত্রী ড. খলিলুর রহমান, শিল্পমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির, প্রধানমন্ত্রীর অর্থ ও পরিকল্পনাবিষয়ক উপদেষ্টা রাশেদ আল মাহমুদ তিতুমীর, পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম, প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী অনিন্দ্য ইসলাম অমিত উপস্থিত ছিলেন। এ ছাড়া বৈঠকে প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন, প্রধানমন্ত্রীর ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা রেহান আসিফ আসাদ, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) নির্বাহী চেয়ারম্যান আশিক চৌধুরী, প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন, প্রধানমন্ত্রীর একান্ত সচিব-২ মো. মেহেদুল ইসলাম এবং উপ-প্রেস সচিব-১ জাহিদুল ইসলাম রনি উপস্থিত ছিলেন।

নলছিটিতে হেলমেট-মাস্ক পরে

ও শরিফুল ইসলামের আইডিতে প্রকাশ করা হয়েছে। সেখানে এটিকে 'নলছিটি পৌর ছাত্রলীগের বিক্ষোভ মিছিল' উল্লেখ করে নেতৃত্বদানকারী হিসেবে পৌর ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদকের নাম উল্লেখ করা হয়। আগামী ১৫ আগস্টকে সামনে রেখে নিষিদ্ধ সংগঠনের এ ধরনের প্রকাশ্য তৎপরতা নিয়ে স্থানীয় রাজনৈতিক ও সামাজিক অঙ্গনে আলোচনা তৈরি হয়েছে। এ বিষয়ে নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ তৌহিদুজ্জামান সোহাগ বলেন, চোরাগোপ্তা ভাবে নির্জন এলাকার মিছিলের একটি ভিডিও আমাদের নজরে এসেছে। ভিডিও দেখে মিছিলে অংশগ্রহণকারীদের শনাক্ত করার কাজ চলছে। দ্রুতই তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। উল্লেখ্য, বাংলাদেশে ছাত্রলীগকে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। নিষেধাজ্ঞার পর ২য় বার নলছিটিতে সংগঠনটির নেতাকর্মীদের এমন ঝটিকা মিছিলের ঘটনা নতুন করে আলোচনার জন্ম দিয়েছে। এর দপদপিয়া খয়রাবাদ সেতু সংলগ্ন এলাকার একটি মিছিলের ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়।

মেঘনা নদীতে ডুবে গেল

কবলে পড়ে অপর একটি ট্রলারডুবির ঘটনা ঘটে এবং দুর্ঘটনার কবলে পড়া ট্রলারের জেলেরা নদীতে ভাসমান অবস্থায় চিৎকার দিলে হাসান মাঝিসহ নদীতে মাছ ধর?তে থাকা অন্য জেলেরা এগিয়ে গিয়ে ওই ট্রলারের ৬ জন জেলেকে জীবিত উদ্ধার করেন। তবে হদিস মেলেনি ট্রলার ও জালের। দুপুরে বিষয়টি নিশ্চিত করে দক্ষিণ আইচা থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো.আহসান কবির বলেন, মেঘনায় দুর্ঘটনার কবলে পড়া ট্রলারের জেলেদের জীবিত উদ্ধার করেছেন নদীতে মাছ ধরতে থাকা অন্য জেলেরা। পরে তাদেরকে নিরাপদ স্থানে আনা হলে তারা চলে গেছেন,ফলে উদ্ধার হওয়া জেলেদের নাম জানা যায়নি।

ওমান উপকূলে ছড়িয়ে পড়েছে তেল পরিবেশ বিপর্যয়ের আশঙ্কা

কীর্তনখোলা ডেস্ক

ওমানের উপকূলের কাছে দুর্ঘটনার শিকার একটি তেলবাহী জাহাজ থেকে ছড়িয়ে পড়া বিপুল পরিমাণ তেল দেশটির মূল ভূখণ্ডে পৌঁছেছে। এতে মধ্যাঞ্চলের বেশ কয়েকটি সৈকত দূষিত হয়েছে বলে জানিয়েছে ওমানের পরিবেশ ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ১৪ আগস্ট ২০২৬ ॥ ৩১ শ্রাবণ ১৪৩৩

ইসরায়েলি কারাগারে আটক ৪৭৬৯ ফিলিস্তিনি তরুণ-তরুণী

কীর্তনখোলা ডেস্ক

ইসরায়েলি কারাগারগুলোতে বর্তমানে মোট ৪ হাজার ৭৬৯ জন তরুণ ফিলিস্তিনি নারী ও পুরুষ আটক রয়েছেন। বুধবার ফিলিস্তিনি বন্দিবিষয়ক কমিশনের প্রধান রাইদ আবু আল-হুমুস এই তথ্য জানান। খবর তুরস্কের রাষ্ট্র পরিচালিত বার্তা ৩ এর পাতায় দেখুন

বৈরী আবহাওয়ার কবলে উপকূলের জেলেরা

মহিপুর প্রতিনিধি

উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-বাংলাদেশ উপকূলীয় এলাকায় সৃষ্ট লঘুচাপের প্রভাবে উত্তাল হয়ে উঠেছে কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগর। এর প্রভাবে পটুয়াখালীর উপকূলীয় এলাকায় কয়েক দিন ধরে দমকা হাওয়া, থেমে থেমে বৃষ্টি ও বৈরী আবহাওয়া বিরাজ করছে। সাগরে মাছ ধরতে গিয়ে কাঙ্ক্ষিত মাছ না পেয়ে একের পর এক ট্রলার ঘাটে ফিরছে। ফলে ইলিশ মৌসুমের শুরুতেই চরম হতাশায় পড়েছেন উপকূলের হাজার হাজার জেলে ও ট্রলার মালিক। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সকালে আলীপুর-মহিপুর মৎস্যবন্দর ও খাপড়াভাঙ্গা নদীতে ফিরে আসা কয়েকটি মাছধরা ট্রলারের জেলে, মাঝি ও সংশ্লিষ্ট ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে এসব তথ্য জানা গেছে। জেলে জামাল বলেন, সাগর উত্তাল থাকায় মাছ ধরার অনুকূল পরিবেশ ৩ এর পাতায় দেখুন

ফ্যামিলি কার্ড শুমারির নিয়োগ: চরফ্যাশন সমাজসেবা কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

চরফ্যাশন প্রতিনিধি

চরফ্যাশন উপজেলায় 'ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬' এর শুমারিকালীন তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ প্রক্রিয়াকে কেন্দ্র করে তীব্র ক্ষোভ ও অসন্তোষ দেখা দিয়েছে। উপজেলা সমাজসেবা কর্মকর্তার বিরুদ্ধে দলীয় প্রভাব, স্বজনপ্রীতি,নিষিদ্ধ ঘোষিত সংগঠন আওয়ামী ছাত্রলীগের নেতাকর্মী এবং কম্পিউটার পরিচালনায় সম্পূর্ণ অযোগ্য ব্যক্তিদের তালিকাভুক্ত করার অভিযোগ তুলেছেন নিয়োগপ্রত্যাশী ও স্থানীয় সাধারণ মানুষ। সূত্রে জানা গেছে, সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় প্রকৃত দরিদ্রদের তালিকা প্রণয়নের জন্য দেশব্যাপী এই শুমারি কার্যক্রম শুরু হয়েছে। এর অংশ হিসেবে বুধবার মধ্যরাতে চরফ্যাশন উপজেলায় ৩ এর পাতায় দেখুন

৩২ বছর পর হারিয়ে যাওয়া মেয়ের সন্ধান মিললো পাকিস্তানে

বরগুনা প্রতিনিধি

দীর্ঘ ৩২ বছর আগে বাংলাদেশ থেকে পাচারের শিকার হয়ে নিখোঁজ হন বরগুনার মেয়ে আছিয়া। ওই সময়ে তার বয়স ছিল মাত্র ১৬ বছর। ঘটনার পর পরিবারের সদস্যরা দেশের বিভিন্ন জায়গায় খোঁজাখুঁজি করলেও কোথাও তার সন্ধান মেলেনি। তবে সম্প্রতি সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টের মাধ্যমে পাকিস্তানে সন্ধান মিলেছে আছিয়ার। বর্তমানে ৭ সন্তানের জননী আছিয়া বাংলাদেশে ফিরতে চান ৯৫ বছর বয়সী বাবার কাছে। অপরদিকে হারিয়ে যাওয়া মেয়েকে মৃত্যুর আগে কাছে পেতে ব্যাকুল হয়ে আছেন বৃদ্ধ বাবা তমিজ উদ্দিন। আছিয়ার পরিবার সূত্রে জানা যায়, জীবিকার তাগিদে তমিজ উদ্দিন পরিবারের সদস্যদের নিয়ে ৩ এর পাতায় দেখুন

রিফাতের পরিবারকে ক্ষতিপূরণ, শিফাতের চিকিৎসার দাবিতে মহাসড়ক অবরোধ

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের দপদপিয়া সেতুতে সড়ক দুর্ঘটনায় নিহত রিফাতের পরিবারকে ক্ষতিপূরণ এবং গুরুতর আহত তাঁর চাচাতো ভাই শিফাতের চিকিৎসার ব্যয় বহনের দাবিতে বরিশাল-কুয়াকাটা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছেন শিক্ষার্থী ও এলাকাবাসী। বৃহস্পতিবার (১৩ আগস্ট) দুপুরে বাকেরগঞ্জ সরকারি কলেজের সামনে এ কর্মসূচি পালন করা হয়। গত ৯ আগস্ট দপদপিয়া সেতুর ওপর বিআরটিসি বাস ও একটি থ্রি-হুইলারের সংঘর্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের এক শিক্ষার্থীসহ দুজন নিহত হন। এ ঘটনায় রিফাতের চাচাতো ভাই শিফাত গুরুতর আহত ৩ এর পাতায় দেখুন

ব্যাগিংয়ে পবিপ্রবি শিক্ষার্থী অসুস্থ, তদন্ত কমিটি গঠন

দুমকি প্রতিনিধি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (পবিপ্রবি) বিজয়-২৪ হলে র‍্যাগিংয়ের অভিযোগ উঠেছে। এতে ২০২৫-২৬ শিক্ষাবর্ষের ল্যান্ড ম্যানেজমেন্ট অনুষদের শিক্ষার্থী মো. হাবিবুর অসুস্থ হয়ে পড়েছেন। ঘটনার প্রাথমিক সত্যতা পাওয়ার পর পাঁচ সদস্যের তদন্ত কমিটি গঠন করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, বুধবার (১২ আগস্ট) রাত ১০টার দিকে বিজয়-২৪ হলে র‍্যাগিংয়ের ঘটনা ঘটে। পরে অসুস্থ শিক্ষার্থীকে তাৎক্ষণিক চিকিৎসা দেওয়া হয়। তার শারীরিক অবস্থা গুরুতর বলে জানা গেছে। রেজিস্ট্রার দপ্তরের অফিস আদেশে বলা ৩ এর পাতায় দেখুন

উজিরপুরে দুর্নীতি প্রতিরোধ কমিটির বিতর্ক প্রতিযোগিতা

উজিরপুর প্রতিনিধি

'দুর্নীতির মাত্রা কমলে উন্নতির মাত্রা বাড়বে' এই প্রতিপাদ্যকে সামনে রেখে বরিশালের উজিরপুরে স্কুল পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৩ আগস্ট) উপজেলা মাধ্যমিক শিক্ষা ভবন মিলনায়তনে উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির উদ্যোগে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মুহাম্মদ মহসিন মিঞা লিটন। প্রধান অতিথি ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আলী সুজা। প্রতিযোগিতায় উপজেলার চারটি বিদ্যালয়ের শিক্ষার্থীরা অংশ নেয়। বিচারকদের মূল্যায়নে নারায়ণপুর পল্লী ইউনিয়ন ইনস্টিটিউশন মাধ্যমিক বিদ্যালয় বিজয়ী এবং জয়শ্রী মুন্ডুপাশা এসএবিএম মাধ্যমিক বিদ্যালয় বিজিত ২ এর পাতায় দেখুন

উলানিয়া লঞ্চঘাটে বাড়তি ফি নেয়ায় ইজারাদারকে সতর্ক নোটিশ

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেঘনা তীরবর্তী মেহেন্দীগঞ্জের উলানিয়া (কালীগঞ্জ) লঞ্চঘাটের ইজারাদারকে সতর্ক নোটিশ দিয়েছে বিআইডব্লিউটিএ। বিধিবহির্ভূত অতিরিক্ত ভেড়ানোর (বার্দিং) ফি দাবি করায় বৃহস্পতিবার কালীগঞ্জ লঞ্চঘাটের ইজারাদার সৈয়দ আকবর আলী চৌধুরীকে এ সতর্ক নোটিশ দেওয়া হয়। পাশাপাশি তাঁর আর্নেস্টমানি বাজেয়াপ্ত করারও হুঁশিয়ারি দেওয়া হয়। বিআইডব্লিউটিএ বরিশাল বন্দর নিয়ন্ত্রণ কর্মকর্তা মো. আসাদুজ্জামান স্বাক্ষরিত ওই সতর্ক বার্তায় উল্লেখ করা হয়, কালীগঞ্জ লঞ্চঘাটের ইজারাদার হিসেবে ৩ এর পাতায় দেখুন

নলছিটিতে হেলমেট-মাস্ক পরে নিষিদ্ধ ছাত্রলীগের ঝটিকা মিছিল

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটিতে নিষিদ্ধ সংগঠন বাংলাদেশ ছাত্রলীগের কয়েকজন নেতাকর্মী হেলমেট ও মাস্ক পরে ঝটিকা মিছিল করেছেন। বুধবার (১২ আগস্ট) বিকেলে উপজেলার সিদ্ধকাঠি ইউনিয়নের কালিয়ার জোড় এলাকায় এ মিছিল অনুষ্ঠিত হয় বলে জানা গেছে। প্রত্যক্ষদর্শী ও ভিডিও সূত্রে জানা যায়, প্রায় ৪৩ সেকেন্ডের মিছিলে ছয়জন অংশ নেন। তাদের মধ্যে চারজন হেলমেট ও মাস্ক পরিহিত ছিলেন। বাকি দুজনের মুখ খোলা ছিল। মিছিল থেকে তারা 'আমির হোসেন আমুসহ সকল রাজবন্দির নিঃশর্ত মুক্তি চাই', 'বাংলাদেশ আওয়ামী লীগ ও ছাত্রলীগের ওপর আরোপিত সকল নিষেধাজ্ঞা প্রত্যাহার করতে হবে'সহ বিভিন্ন স্লোগান দেন। মিছিলে নেতৃত্ব দেন বাংলাদেশ ছাত্রলীগের নলছিটি পৌর শাখার সাংগঠনিক সম্পাদক আকাশ দাশ ও মোঃ শরিফুল ইসলাম শরিফ। এদিকে, মিছিলের একটি ভিডিও আওয়ামী লীগ ও ছাত্রলীগের কেন্দ্রীয় ভেরিফায়েড ফেসবুক পেজ ৩ এর পাতায় দেখুন

খাল খনন শেষে সাড়ে ৩৭ লাখ টাকা ফেরত দিলেন আমতলীর ইউএনও

আমতলী প্রতিনিধি

অতিদরিদ্র জনগোষ্ঠীর কর্মসংস্থান প্রকল্পের আওতায় খাল খননের কাজ শেষে সরকারি কোষাগারে ৩৭ লাখ ৫০ হাজার ৫৪০ টাকা ফেরত দিয়েছেন বরগুনার আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মুহাম্মাদ জাফর আরিফ চৌধুরী। জানা গেছে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতায় গত ৮ এপ্রিল আমতলী উপজেলার কুকুয়া ইউনিয়নের পশ্চিম কেওয়াবুনিয়া খালের ৩ কিলোমিটার খননের জন্য ৭৭ লাখ ২৮ হাজার ৮৪২ টাকা এবং ৩ এর পাতায় দেখুন

অধ্যক্ষের পদ নিয়ে দুই ভাইয়ের দ্বন্দ্ব ১৬ বছর পর খুললো কলেজের তালা

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদ উপজেলায় দীর্ঘ ১৬ বছর পর তালা ভেঙে কলেজে প্রবেশ করেছেন সদ্য আদালতের রায় পাওয়ার দাবি করা অধ্যক্ষ আসাদুজ্জামান টুলু। বৃহস্পতিবার (১৩ আগস্ট) সকালে স্থানীয় বাসিন্দাদের সহায়তায় উপজেলার বলদিয়া ইউনিয়নে অবস্থিত কবি নজরুল ইসলাম বিজনেস ম্যানেজমেন্ট কলেজের অফিস কক্ষের দুটি তালা ও একটি শ্রেণিকক্ষের তালা ভেঙে তিনি প্রতিষ্ঠানে প্রবেশ করেন। জানা গেছে, কলেজটি ২০০৪ সালে প্রতিষ্ঠিত হয়। ২০০৫ সালে তৎকালীন বিএনপি সমর্থিত জাতীয় সংসদের হুইপ সৈয়দ শহিদুল হক জামাল কলেজটির উদ্বোধন করেন। প্রতিষ্ঠার ছয় বছর পর ২০১০ সালে কলেজটি এমপিওভুক্ত ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে কলেজ অধ্যক্ষ যুবলীগ নেতা গ্রেফতার

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে উপজেলা বিএনপির কার্যালয় ভাঙচুর ও অগ্নিসংযোগের মামলায় কাউখালী মহিলা ডিগ্রি কলেজের অধ্যক্ষ ও উপজেলা যুবলীগের সভাপতি অলক কুমার কর্মকারকে গ্রেফতার করেছে পুলিশ। উপজেলার মদনমোহন জিউর আখড়াবাড়ীর সামনে থেকে তাকে গ্রেফতার করা হয়।

পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে কাউখালী থানা-পুলিশের একটি দল ওই এলাকায় অভিযান চালিয়ে অলক কুমার কর্মকারকে আটক করে। পরবর্তীতে বৃহস্পতিবার সকালে উপজেলা বিএনপির কার্যালয় ভাঙচুর, অগ্নিসংযোগ ও বিস্ফোরকদ্রব্য আইনের একটি মামলায় তাকে গ্রেফতার দেখিয়ে আদালতে পাঠায় ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় মাসিক আইন-শৃঙ্খলা কমিটির সভা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল বৃহস্পতিবার উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা পরিষদ সভাকক্ষে সম্প্রতি প্রকাশিক এসএসসি ও সমমানের পরীক্ষার ফলেফলে মাদ্রাসার পাঁচটি মাদ্রাসার কেউ পাস না করা এবং সামগ্রিক ভাবে মাদ্রাসার ফলফলে পাসের হার উদ্বেগজনক হারে কমের কারনে 'শিক্ষার মানোন্নয়ন ও মানসম্মত শিক্ষার পরিবেশ নিশ্চিতকরণ, মাদকবিরোধী কার্যক্রম জোরদার, বাল্যবিয়ে প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধি, সহ বিভিন্ন বিষয় নিয়ে মাসিক আইন-শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ৩ এর পাতায় দেখুন

মেঘনা নদীতে ডুবে গেল ট্রলার, ৬ জেলে উদ্ধার

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার মেঘনা নদীতে তীব্র স্রোতের কবলে পড়ে ৬ জেলেসহ একটি মাছ ধরার ট্রলার ডুবে গেছে। এ ঘটনায় নদীতে থাকা অন্য জেলেরা ডুবে যাওয়া ট্রলারের জেলেদের উদ্ধার করেছেন। বৃহস্পতিবার (১৩ আগস্ট) ভোরে চরফ্যাশন উপজেলার দক্ষিণ আইচা থানাধীন বিচ্ছিন্ন ঢালচর ইউনিয়নের পূর্বঢালচরের রাস্তার চর নামক এলাকা সংলগ্ন মেঘনা নদীতে দুর্ঘটনার কবলে পড়ে ট্রলারটি। ট্রলারটি পটুয়াখালীর এবং উদ্ধার হওয়া জেলেদের বাড়ি দশমিনা উপজেলায় বলে জানা গেছে। স্থানীয়রা জানান,বৃহস্পতিবার ভোরে স্থানীয় মো. হাসান মাঝির নেতৃত্বে ঢালচরের রাস্তার চর নামক এলাকায় মাছ ধরতে যান তারা। এর কিছুক্ষণ পর তীব্র স্রোতের ৩ এর পাতায় দেখুন

গৃহবধূর ঘরে আপত্তিকর অবস্থায় যুব জামায়াত নেতা আটক

কীর্তনখোলা রিপোর্ট

পটুয়াখালীর বাউফলে গভীর রাতে এক গৃহবধূর ঘরের ভেতর থেকে আপত্তিকর অবস্থায় আতিকুল ইসলাম নামে স্থানীয় এক যুব জামায়াত নেতাকে আটক করেছেন স্থানীয়রা। বুধবার (১২ আগস্ট) গভীর রাতে উপজেলার পূর্ব ইন্দ্রকূল গ্রামে এ ঘটনা ঘটে। অভিযুক্ত আতিকুল ইসলাম সূর্যমণি ইউনিয়ন যুব জামায়াতের সেক্রেটারি এবং ওই গ্রামের সোবাহান হাওলাদারের ছেলে। স্থানীয় সূত্রে জানা গেছে, ওই গৃহবধূর স্বামী বুধবার তার শ্বশুরবাড়িতে যান। গভীর রাতে ওই গৃহবধূর ঘরে প্রবেশ করেন যুব জামায়াতের নেতা আতিক। এ সময় ওই গৃহবধূর শ্বশুর টের পেয়ে চিৎকার শুরু করেন। তখন আশপাশের লোকজন এসে তাদের আটক করেন। খবর পেয়ে আতিকের স্বজনরা ঘটনাস্থলে এসে ৩ এর পাতায় দেখুন

বাড়বে বাণিজ্য সম্পর্ক

বাংলাদেশে মার্কিন বেসরকারি বিনিয়োগ নিয়ে আলোচনা

কীর্তনখোলা ডেস্ক

সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে ইউএস-বাংলাদেশ বিজনেস কাউন্সিলের প্রতিনিধিদের বৈঠক অনুষ্ঠিত হয়েছে। বৈঠক শেষে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন সাংবাদিকদের ব্রিফ করেন। মাহদী আমিন বলেন, অতুল কেশপের নেতৃত্বে যুক্তরাষ্ট্রের ২৫টি প্রতিষ্ঠানের ৫০ জন প্রতিনিধি বৈঠকে অংশ নেন। বৈঠকে কীভাবে বাংলাদেশে ব্যবসা-বাণিজ্য বাড়ানো যায় এবং কর্মসংস্থান সৃষ্টি করা যায়, তা নিয়ে আলোচনা হয়েছে। এ ছাড়া যুক্তরাষ্ট্রের বেসরকারি খাত কীভাবে বাংলাদেশে বিনিয়োগ করতে পারে, সে বিষয়েও আলোচনা হয়েছে। তিনি বলেন, বৈঠকে ফলপ্রসূ ও কার্যকর আলোচনা হয়েছে। বৈঠক সম্পর্কে দক্ষিণ এশিয়াবিষয়ক ইউএস চেম্বার অব কমার্সের সভাপতি অতুল কেশপ বলেন, বাংলাদেশের সরকারের পরিকল্পনা সম্পর্কে তারা ধারণা পেয়েছেন। তিনি বলেন, ২০৩৪ সালের মধ্যে বাংলাদেশ ট্রিলিয়ন ডলারের অর্থনীতির দেশ হতে চায়। বৈঠকে ব্যবসায়িক পরিবেশ, কর্মসংস্থান সৃষ্টিসহ বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে। অতুল কেশপ আশা প্রকাশ করে ৩ এর পাতায় দেখুন

মেহেন্দিগঞ্জে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ বিতরণ

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ

মেহেন্দিগঞ্জে দুর্নীতি দমন কমিশন দুদক বরিশাল জেলা কার্যালয় এর উদ্যোগে উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক) এর সহযোগিতায় উলানিয়া বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের সততা চর্চায় ও দুর্নীতি প্রতিরোধে উদ্বুদ্ধ করার লক্ষ্যে শিক্ষা উপকরণ বিতরণ বেলা ১২ টায় স্কুল হল রুমে অনুষ্ঠিত হয়। স্কুলের প্রধান শিক্ষক হারুন অর রশিদ এর সভাপতিত্বে ও সহকারী শিক্ষক আলী হোসেন এর পরিচালনায় উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন দুদকের উপ পরিচালক রাজ কুমার সাহা, সহকারী পরিচালক খন্দকার কামরুজ্জামান, উপ সহকারী পরিচালক ইমরান হোসেন, উপজেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি জিয়া উদ্দিন সেলিম, সাধারন সম্পাদক মোস্তাফিজুর রহমান পলাশসহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ। এ সময় বক্তারা বলেন, কোমলমতি ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution,
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com